২. খনি হতে বহির্জ পদার্থ আহরণ							
৩. উৎপাদন							
৪. বিদ্যুৎ, গ্যাস, বাষ্প ও শীততপ নিয়ন্ত্রণায়ন্ত্র সরবরাহ							
৫. পানি সরবরাহ, পর্যটন, বর্জ্য ব্যবস্থাপনা ও নিক্ষেপন কার্যক্রম							
৬. নির্মাণ							
৭. পাইকারি ও খুচরা ব্যবসা, মোটরযান ও মোটরসাইকেল এবং রিকশা সেরামত							
৮. পরিবহন (ডাক ও কুরিয়ারসহ) এবং মজুত							
৯. আবাসন ও খাদ্যসেবা কার্যক্রম (হোটেল ও রেস্তোরাঁ)							
১০. তথ্য ও যোগাযোগ							
১১. আর্থিক ও বিনামূল্যে কার্যক্রম							
<b>প্রতিষ্ঠানভিত্তিক সংখ্যা</b>							
১২. জমি (রিফেল এস্টেট) সংক্রান্ত কার্যক্রম							
১৩. পেশাগত, বৈজ্ঞানিক এবং কারিগরি কার্যক্রম							
১৪. প্রশাসনিক এবং সহায়ক সেবা কার্যক্রম							
১৫. লোকপ্রশাসন এবং প্রতিরক্ষা, বাণ্যামূলক সামাজিক নিরাপত্তা							
১৬. শিক্ষা							
১৭. জনস্বাস্থ্য এবং সামাজিক সেবা কার্যক্রম							
১৮. কলাকিন্দা, আপ্যায়ন, বিলাসন এবং সেরামতকর্ম							
১৯. অন্যান্য সেবা কার্যক্রম							
২০. নিয়োগকারী হিসেবে থানার কার্যক্রম, নিজস্ব ব্যবহারের জন্য থানার অধিভুক্তিত্রয় সামগ্রী ও সেবা উৎপাদনমূলক কার্যক্রম							
২১. স্বদেশ বহির্ভূত সমিতি এবং সংস্থার কার্যক্রম							
<b>ব্যক্তিগত</b>							
ওয়ার্ড কর্মী	নাম	শাখার	হস্তান্তরের তারিখ	তথ্য প্রকায়কারী	নাম	শাখার	হস্তান্তরের তারিখ
তথ্যসংগ্রহকারীর নাম				এন্ট্রির			
সুপারভাইজারের নাম				কোডার			
জোনাল অফিসারের নাম				এন্ট্রিকারী			

**Government of the People's Republic of Bangladesh  
Economic Census 2013  
Tally Sheet**

<b>Identification</b>		<b>Geo Code</b>	<b>Total Number of Unit</b>		<b>RMO Code No.</b>	
Name of District		<input type="text"/> <input type="text"/>	Permanent Unit	<input type="text"/> <input type="text"/> <input type="text"/> <input type="text"/>	Rural	-1
Name of Upazila / Thana		<input type="text"/> <input type="text"/>	Temporary Unit	<input type="text"/> <input type="text"/> <input type="text"/> <input type="text"/>	Municipality	-2
Name of Union / Ward		<input type="text"/> <input type="text"/>	Economic Household	<input type="text"/> <input type="text"/> <input type="text"/> <input type="text"/>	Upazila HQ	-3
					Cantonment	-5
					Growth Centre	-7
					City Corporation	-9

		<b>Number of Establishment</b>			
1. Agriculture Forestry and Fisheries	<input type="text"/> <input type="text"/>	12. Land (Real Estate) Related Activities	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>
2. Mining and Quarrying	<input type="text"/> <input type="text"/>	13. Professional, Scientific and Technical Activities	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>
3. Manufacturing	<input type="text"/> <input type="text"/>	14. Administrative and Support Service Activities	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>
4. Electricity, Gas, Stream and Air Conditionery supply	<input type="text"/> <input type="text"/>	15. Public Administration and Defence Compulsory Social Security	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>
5. Water supply, Sewerage, Waste Management and Remedial Activities	<input type="text"/> <input type="text"/>	16. Education	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>
6. Construction	<input type="text"/> <input type="text"/>	17. Human Health and Social Work Activities	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>
7. Wholesale and Retail Trade, Repair of Motor Vehicles and Motorcycles	<input type="text"/> <input type="text"/>	18. Art Entertainment and Recreation	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>
8. Transportation and Storage	<input type="text"/> <input type="text"/>	19. Other service Activities	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>
9. Accommodation and Food Service Activities (Hotel and Restaurants)	<input type="text"/> <input type="text"/>	20. Activities of Household as Employers Un differentiated Goods Services Producing Activities of Household for Own Use	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>
10. Information and Communication	<input type="text"/> <input type="text"/>	21. Activities of extra Territorial organization and bodies	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>
11. Financial and Insurance Activities	<input type="text"/> <input type="text"/>		<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>	<input type="text"/> <input type="text"/>

<b>Census Worker</b>	<b>Name</b>	<b>Signature</b>	<b>Date of Submission</b>	<b>Data Processing Worker</b>	<b>Name</b>	<b>Signature</b>	<b>Date of Submission</b>
Name of Enumerator				Editor			
Name of Supervisor				Coder			
Name of Zonal Officer				Data Entry Operator			

**4.3 b: Census Tally Sheet (English)**

#### 4.4: Enumerator's Training Manual



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

## তথ্যসংগ্রহকারীর প্রশিক্ষণ ম্যানুয়াল



অর্থনৈতিক শুমারি ২০১৩



বাংলাদেশ পরিসংখ্যান বুরো

পরিসংখ্যান ভবন  
ই-২৭/এ আগারগাঁও  
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭  
ওয়েবসাইট: [www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd)



## সূচিপত্র

অধ্যায়	বিবরণ	পৃষ্ঠা নং
	বিশেষ নির্দেশনা .....	১৬৭
প্রথম অধ্যায়	ভূমিকা .....	১৬৯
দ্বিতীয় অধ্যায়	অর্থনৈতিক শুমারির ক্ষেত্রে প্রযোজ্য প্রয়োজনীয় সাধারণ সংজ্ঞাবলি .....	১৭০
তৃতীয় অধ্যায়	প্রশ্নপত্র পূরণ পদ্ধতি .....	১৭২
	১ : মৌজা/মহল্লার নাম ও কোড .....	১৭২
	১.১: ইউনিটের ক্রমিক নং .....	১৭২
	২ : ইউনিটের নাম ও ঠিকানা .....	১৭২
	৩ : ইউনিট প্রধান .....	১৭৩
	৪ : ইউনিটের প্রকার .....	১৭৪
	৫ : ইউনিটের প্রধান অর্থনৈতিক কর্মকাণ্ডের প্রকার .....	১৭৪
	৬ : ইউনিটের অর্থনৈতিক কর্মকাণ্ডের বিস্তারিত বিবরণ ও শিল্প কোড .....	১৭৫
	৭ : উৎপাদনকারী ইউনিটের প্রধান প্রধান উৎপাদিত দ্রব্যাদির বিবরণ .....	১৭৫
	৮ : মেরামত/বিক্রয়/সেবা প্রদানকারী ইউনিটের কাজের বিবরণ .....	১৭৬
	৯ : ইউনিটের (প্রতিষ্ঠান) আইনগত মালিকানা .....	১৭৬
	১০ : ইউনিটে প্রবাসী বাংলাদেশিদের বিনিয়োগ আছে কি? .....	১৭৭
	১০.১: প্রবাসী বিনিয়োগের পরিমাণ .....	১৭৮
	১১ : ইউনিটটি নিবন্ধিত কি? .....	১৭৮
	১১.১: ইউনিটটি কোথায় নিবন্ধিত? .....	১৭৮
	১২ : কোন সালে আরম্ভ হয়েছে? .....	১৭৮
	১৩ : ইউনিটের বিক্রয় পদ্ধতি .....	১৭৮
	১৪ : হিসাব রাখার ব্যবস্থা আছে কি? .....	১৭৮
	হিসাব ব্যবস্থার হালনাগাদের ধরন .....	১৭৯
	১৫ : ইউনিটের বেতন/মজুরি প্রদান .....	১৭৯

১৫.১: বেতন/মজুরি প্রদান পদ্ধতি .....	১৭৯
১৫.২: বেতন/মজুরি প্রদানের ধরন .....	১৭৯
১৬: বর্তমান স্থায়ী মূলধন (টাকায়) .....	১৭৯
১৭: অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত জনবলের প্রকার ও সংখ্যা .....	১৭৯
১৭.১ মালিক/অংশীদার কর্মরত .....	১৭৯
১৭.২ অবৈতনিক পারিবারিক কর্মী .....	১৮০
১৭.৩ সার্বক্ষণিক কর্মী .....	১৮০
১৭.৪ খণ্ডকালীন কর্মী (মাসিক গড়) .....	১৮০
১৭.৫ অনিয়মিত কর্মী (সাপ্তাহিক গড়) .....	১৮০
১৮: উৎপাদনে যন্ত্রের ব্যবহার .....	১৮১
১৯: উৎপাদিত দ্রব্যের বাজারজাতকরণ .....	১৮১
২০: উৎপাদনের জ্বালানির ব্যবহার .....	১৮১
২১: উৎপাদনে কম্পিউটার প্রযুক্তির ব্যবহার হয় কি? .....	১৮১
২২: অগ্নিনির্বাণ ব্যবস্থা আছে কি? .....	১৮১
২২.১: অগ্নিনির্বাণ ব্যবস্থা নিয়মিত রক্ষণাবেক্ষণ করা হয় কি? .....	১৮১
২৩: নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে বর্জ্য অপসারণ ব্যবস্থা আছে কি? .....	১৮২
২৪: শৌচাগারের ব্যবস্থা আছে কি? .....	১৮২
২৪.১: মহিলাদের জন্য পৃথক শৌচাগারের ব্যবস্থা আছে কি? .....	১৮২
২৫: টিআইএন আছে কি? .....	১৮২
২৬: প্রতিষ্ঠানটির মূল্য সংযোজন কর (মুসক/ভ্যাট) নিবন্ধিত কি? .....	১৮২
২৭: কোন সালে মুসক (ভ্যাট) নিবন্ধন করা হয়েছে? .....	১৮২
<b>চতুর্থ অধ্যায়</b> টালি শিট পূরণ পদ্ধতি .....	১৮৩
<b>পরিশিষ্ট</b> নমুনা প্রশ্নপত্র .....	১৮৫

## তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারগণের প্রতি

### বিশেষ নির্দেশনা

- ১। তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারগণ তথ্য সংগ্রহের সময় পরিচয়পত্র অবশ্যই সঙ্গে রাখবেন।
- ২। মার্জিত ও পরিচ্ছন্ন পোশাক পরিধান করবেন।
- ৩। খানা/প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে বিনয়ের সাথে ভদ্র/মার্জিতভাবে নিজের পরিচয় দেবেন এবং আগমনের উদ্দেশ্য বর্ণনা করে তথ্যসংগ্রহ করবেন।
- ৪। প্রশিক্ষণ শেষে প্রয়োজনীয় মালামাল জোনাল অফিসারের নিকট হতে বুঝে নেবেন।
- ৫। সরবরাহকৃত পেনসিল ব্যতীত অন্য কোন পেনসিল ব্যবহার করবেন না।
- ৬। সুপারভাইজার প্রত্যেক তথ্যসংগ্রহকারীকে তার এলাকা ও তার সীমানা বুঝিয়ে দেবেন।
- ৭। কোন ইউনিট (অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা/প্রতিষ্ঠান) কোন অবস্থাতেই তথ্য সংগ্রহ হতে যেন বাদ না পড়ে এবং কোন ইউনিট (অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা/প্রতিষ্ঠান)-এর তথ্য দুবার অন্তর্ভুক্ত না হয় সে দিকে সতর্কতার সাথে খেয়াল রাখতে হবে।
- ৮। জোনাল অপারেশনে প্রস্তুতকৃত তালিকায় অন্তর্ভুক্ত অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা ও প্রতিষ্ঠান ছাড়াও নতুন কোন অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা ও প্রতিষ্ঠান পাওয়া গেলে অবশ্যই তা গণনায় অন্তর্ভুক্ত করতে হবে।
- ৯। তথ্য সংগ্রহ শুরু করার পর সুপারভাইজার প্রথম ৫টি খানার/প্রতিষ্ঠান হতে সংগৃহীত অর্থনৈতিক কর্মকাণ্ডের তথ্য পরীক্ষা করে দেখবেন এবং কাজ নির্ভুল হলে একই নিয়মে অবশিষ্ট কাজ সম্পন্ন করার ছাড়পত্র দেবেন, আর ভুল হলে শুদ্ধ করে প্রশ্নপত্র পূরণের যথাযথ পদ্ধতি শিখিয়ে দেবেন।
- ১০। সুপারভাইজার প্রতিদিন তার অধীন প্রত্যেক তথ্যসংগ্রহকারীর কাজ তদারক করে নির্ভুলভাবে সম্পন্ন হচ্ছে মর্মে নিশ্চিত হবেন এবং জোনাল অফিসারকে প্রতিদিন কাজের অগ্রগতি জানিয়ে দেবেন।
- ১১। কোন তথ্যসংগ্রহকারীর অতিরিক্ত প্রশ্নপত্র প্রয়োজন হলে সুপারভাইজার তা দ্রুত জোনাল অফিসারকে জানাবেন এবং অতিরিক্ত প্রশ্নপত্র সংগ্রহপূর্বক তা তথ্যসংগ্রহকারীর নিকট সরবরাহ করবেন।
- ১২। তথ্য সংগ্রহ শেষ হওয়ার পর তথ্যসংগ্রহকারী স্ব-স্ব তথ্য সংগ্রহ এলাকায় কোন খানা বা প্রতিষ্ঠান তথ্য সংগ্রহ হতে বাদ পড়েছে কিনা যাচাই করে দেখবেন এবং কোন খানা বা প্রতিষ্ঠান তথ্য সংগ্রহ থেকে বাদ পড়ে থাকলে তা অন্তর্ভুক্ত করবেন।
- ১৩। প্রশ্নপত্র পূরণের ক্ষেত্রে ক্রস, সংখ্যা, কোড এবং বিবরণ সঠিকভাবে পূরণ করুন। বর্ডারসহ  (ছোট বক্স)-এ কোনাকুনিভাবে ক্রস (x) চিহ্ন দিয়ে পূরণ করতে হবে। বক্সের ভিতরে ক্রস (x) চিহ্নটি পুরো বক্স জুড়ে দেবেন যেন বক্সের ৪টি কোনাই স্পর্শ করে।

সঠিক পদ্ধতি:  ভুল পদ্ধতি:

শেডসহ বড় বক্স -এ সংখ্যা অথবা কোড ইংরেজিতে লিখতে হবে।

- ১৪। তথ্য সংগ্রহ করার সময় কোন একটি ইউনিট-এর উত্তরদাতা পাওয়া না গেলে অথবা ব্যস্ততার জন্য পরে আসতে বললে উক্ত ইউনিটের সদর দরজায় ইউনিটের ক্রমিক নম্বর লিখুন ও প্রশ্নপত্রেও একই ক্রমিক নম্বর লিখুন এবং পুনরায় কখন আসবেন তা জেনে নিয়ে সে সময় উক্ত ইউনিটে গিয়ে তথ্য সংগ্রহ করুন।
- ১৫। সকল কোড ও সংখ্যা ইংরেজিতে লিখুন। প্রশ্ন ৬, ৭ ও ৮ নম্বরের উত্তরে বিবরণ অংশে বাংলায় লিখুন। অন্য সকল প্রশ্নের উত্তরে ইংরেজি বড় হাতের বর্ণ (Capital Letter যেমন: ABCD) লিখুন।
- ১৬। সংগৃহীত সকল ব্যক্তিগত তথ্য গোপন রাখা হবে এবং শুধুমাত্র উন্নয়ন পরিকল্পনা বা গবেষণার কাজে এ তথ্য ব্যবহার করা হবে। ব্যক্তিগত পর্যায়ের এ সকল তথ্য কোনভাবেই প্রকাশ করা হবে না মর্মে তথ্যদাতাকে আশ্বস্ত করতে হবে।

## প্রথম অধ্যায় ভূমিকা

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) দেশের আর্থ-সামাজিক অবস্থা নিরূপণের জন্য নির্ভরযোগ্য তথ্য সংগ্রহ ও প্রকাশনার নিমিত্ত বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করে আসছে। বিবিএস কর্তৃক পরিচালিত শুমারিসমূহের মধ্যে আদমশুমারি, কৃষি শুমারি ও অর্থনৈতিক শুমারি উল্লেখযোগ্য। দশ বছরের ধারাবাহিকতা অনুসরণে বিবিএস ২০১৩ সালের মার্চ-মে মাসে তৃতীয় অর্থনৈতিক শুমারি অনুষ্ঠানের পরিকল্পনা গ্রহণ করেছে। অকৃষি খাতগুলোকে পরিকল্পিতভাবে উন্নয়নমুখী করার লক্ষ্যে মানসম্মত পরিসংখ্যান প্রণয়ন করাই এ শুমারির মূল উদ্দেশ্য। অর্থনৈতিক শুমারির মাধ্যমে কৃষি বহির্ভূত অর্থনৈতিক কর্মকাণ্ডের তথ্য সংগ্রহ করা হয়। বাংলাদেশের কৃষিনির্ভর অর্থনীতি ক্রমশ পরিবর্তিত হয়ে শিল্প ও সেবানির্ভর অর্থনীতিতে উত্তরণ ঘটছে। ফলে অকৃষি খাতগুলো জাতীয় আয় ও কর্মসংস্থানে অধিকতর অবদান রাখছে। তবে উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে এ খাতসমূহের পর্যাপ্ত তথ্যের ঘাটতি রয়েছে। জাতীয় অর্থনীতির এ উত্তরণলগ্নে অর্থনৈতিক শুমারির গুরুত্ব অপরিসীম। তাই অর্থনৈতিক শুমারি জাতীয় ও স্থানীয় পর্যায়ে ভবিষ্যৎ অর্থনৈতিক পরিকল্পনা প্রণয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। ১৯৮৬ সালে সর্বপ্রথম সারাদেশে কৃষি বহির্ভূত অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়। দ্বিতীয় অর্থনৈতিক শুমারি ২ (দুই) পর্বে অনুষ্ঠিত হয়। প্রথম পর্বে ২০০১ সালে শহর ও দ্বিতীয় পর্বে ২০০৩ সালে পল্লী এলাকায় অনুষ্ঠিত হয়।

অর্থনৈতিক শুমারি ২০১৩-এর মূল শুমারি পরিচালনার পূর্বে সারাদেশে খানা ও প্রতিষ্ঠানসমূহের তালিকা প্রণয়ন করা হয়েছে, যা বাংলাদেশে প্রথম। এর ফলে মূল শুমারির মাননিয়ন্ত্রণসহ তা সুষ্ঠুভাবে ও সুচারুরূপে পরিচালনা করা সহজতর হবে। মূল শুমারির তথ্য সংগ্রহের ক্ষেত্রে শুধুমাত্র অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা ও সকল প্রতিষ্ঠান হতে তথ্য সংগ্রহ করা হবে।

### অর্থনৈতিক শুমারির উদ্দেশ্য:

- অর্থনৈতিক কর্মকাণ্ডের বিভিন্ন উপখাতের হিসাব নিরূপণ ও হালনাগাদ বেঞ্চমার্ক তথ্য সরবরাহ করা;
- Bangladesh Standard Industrial Classification (BSIC) 2009 অনুসরণপূর্বক পল্লী ও শহর অঞ্চলের শিল্প এবং সেবাখাতে নিয়োজিত প্রতিষ্ঠানের হালনাগাদ ডাইরেক্টরি প্রস্তুত করা;
- মৌজা/মহল্লাভিত্তিক পরিসংখ্যান প্রণয়ন ও সরকারের পরিকল্পনা গ্রহণে সহযোগিতা করা;
- অর্থনৈতিক কর্মকাণ্ডের শিল্পগত শ্রেণিবিন্যাস, কর্মরত জনবলের সংখ্যা ও মালিকানার ধরন জানা;
- উৎপাদিত পণ্য ও সেবার শ্রেণিবিন্যাস;
- অর্থনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ত পুরুষ-মহিলাভেদে সার্বক্ষণিক, খণ্ডকালীন, অবৈতনিক পারিবারিক ও অনিয়মিত কর্মী সম্পর্কিত তথ্য সংগ্রহ করা;
- জাতীয় অর্থনীতিতে অপ্রাতিষ্ঠানিক (Informal) খাতের কাঠামো নিরূপণ;
- অর্থনৈতিক কর্মকাণ্ড সংক্রান্ত জরিপের Sampling Frame প্রণয়ন করা।

## দ্বিতীয় অধ্যায়

### অর্থনৈতিক শুমারির ক্ষেত্রে প্রযোজ্য প্রয়োজনীয় সাধারণ সংজ্ঞাবলি

#### ইউনিট:

যেকোনো একক খানা (Household) বা স্থায়ী/অস্থায়ী প্রতিষ্ঠান (Establishment) যা কোন নির্দিষ্ট স্থানে অবস্থিত এবং লোকজনের বসবাসের জন্য অথবা বিভিন্ন দ্রব্যাদি প্রস্তুত, বিক্রয়, মেরামত, গুদামজাত ও বিভিন্ন সেবামূলক কার্যাদি সম্পাদনের জন্য ব্যবহৃত হয় তাকে ইউনিট হিসেবে গণ্য করা হবে। ফুটপাথ অথবা হাট-বাজার বা রাস্তার পাশে কোন নির্দিষ্ট স্থানে অস্থায়ী ছাউনির নিচে বসে নিয়মিতভাবে অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন ছোটখাটো দোকানপাট ইত্যাদিও ইউনিটের অন্তর্ভুক্ত হবে।

#### গ্রোথ সেন্টার:

গ্রাম এলাকায় কৃষকদের উৎপাদিত পণ্য সহজে ন্যায্য দামে ক্রয়/বিক্রয় এবং সর্বসাধারণের নিত্যদিনের কেনাকাটার উদ্দেশ্যে সারাদেশে যে সমস্ত হাটবাজারে যোগাযোগের সুবিধা আছে, ঐ সব হাট বাজারে এলজিইডি শেড/ছাউনি/চাঁদোয়া/চালা ও পাকা রাস্তাঘাট নির্মাণের মাধ্যমে উন্নয়ন করেছে এরূপ হাটবাজারই গ্রোথ সেন্টার।

#### অর্থনৈতিক কাজ:

অর্থনৈতিক শুমারির ক্ষেত্রে অর্থনৈতিক কাজ বলতে সেই সব কাজকে বুঝাবে যে কাজের মাধ্যমে খানার আয়ের জন্য বিক্রির উদ্দেশ্যে কোন কিছু উৎপাদন/সেবা প্রদান করে। (Market Production/Paid work) উদাহরণস্বরূপ কোন ব্যক্তি যদি কোন প্রাতিষ্ঠানিক বা অপ্রাতিষ্ঠানিক খাতে কোন কিছুর বিনিময়ে অথবা বিনা বেতন/মজুরিতে (paid/unpaid work) বাজারে, বাজার ব্যতীত কোন কিছু উৎপাদন বা সেবা প্রদান করে থাকে, তবে তা অর্থনৈতিক কাজ হিসেবে গণ্য হবে। কিন্তু কেউ যদি নিজ বাড়িতে রান্না-বান্না, নিজের সন্তান পড়ানো, গৃহস্থালি বা বাসার টুকিটাকি কাজ করে তবে তা অর্থনৈতিক কাজ হিসেবে গণ্য হবে না।

#### অ-অর্থনৈতিক কাজ:

অ-অর্থনৈতিক কাজ বলতে পারিশ্রমিক (টাকা/দ্রব্য) ব্যতীত খানার গৃহস্থালির কাজ যেমন- রান্নাবান্না, ঘরদোর পরিষ্কার, ছোট ভাইবোন এবং শিশু-বয়স্কদের দেখাশোনা করা কিংবা স্বেচ্ছাশ্রম ইত্যাদি কাজকে বোঝায়।

#### অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা:

যে সকল খানায় বসবাস ছাড়াও আয়ের জন্য খানার অভ্যন্তরে/প্রাঙ্গণে কোন কুটির শিল্প (যেমন: বাঁশ-বেতের কাজ, মাটির কাজ, তালপাখা তৈরি, শীতল পাটি/মাদুর তৈরি, টুপি তৈরি, কাঁথা সেলাই, বিড়ি বাঁধা, তাঁত, স্বর্ণকার, কামারের কাজ, কাগজের ঠোঙা তৈরি, মুড়ি ভাজা, রশি/দড়ি তৈরি, খেলনা তৈরি, বিভিন্ন হস্তশিল্পের কাজ ইত্যাদি), ব্যবসা বা অন্য কোন অর্থনৈতিক কাজ করা হয় অথবা খানার এক বা একাধিক সদস্য হকার বা ফেরিওয়ালা, রিকশা/ঠেলাগাড়ি চালক ইত্যাদি হিসেবে ভাসমান কোন অর্থনৈতিক কর্মকাণ্ডের সাথে জড়িত, সে সকল খানাকে খানায় অবস্থিত অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা হিসেবে ধরা হবে।

নিম্নলিখিত বৈশিষ্ট্যসম্পন্ন কৃষিখানার তথ্য অর্থনৈতিক শুমারিতে সংগ্রহ করতে হবে না

**কৃষিখানার সংজ্ঞা:**

- ১। কৃষির ওপর নির্ভরশীল খানা হল কৃষিখানা।
- ২। কমপক্ষে ৫(পাঁচ) শতাংশ বা তার বেশি কৃষি আবাদি জমি নিজে পরিচালনা করলে তা কৃষিখানা হবে (এক্ষেত্রে ঐ খানায় হাঁস-মুরগি, কবুতর, গরু, ছাগল, মহিষ, ভেড়া ইত্যাদি পালন করে কিনা তা জিজ্ঞেস করতে হবে না।)
- ৩। খানায় কমপক্ষে-
  - ১(এক)টি গরু বা মহিষ;
  - ৩(তিন)টি ছাগল/ভেড়া/শুকর (অথবা প্রত্যেক জাতের মিলিয়ে ৩টি);
  - ১০ (দশ) টি হাঁস-মুরগি, কবুতর (অথবা প্রত্যেক জাতের মিলিয়ে ১০টি)

এই তিন প্রকারের যেকোনো এক প্রকারের পশু-পাখি পালন করলে তা কৃষিখানা হবে। এছাড়াও খানায় মৎস্য খামার ব্যতীত মাছ চাষ করে থাকলে সেটি কৃষিখানা হিসেবে গণ্য করা হবে।

উপরিউক্ত বিষয়ের যেকোনো একটি বৈশিষ্ট্য থাকলেই তা কৃষিখানা হিসেবে গণ্য হবে। কৃষিখানা বা খানাভিত্তিক কৃষি কর্মকাণ্ড অর্থনৈতিক শুমারির আওতার বাইরে থাকবে। তবে সে সকল কৃষি কর্মকাণ্ড যেখানে খানার বাইরে বাণিজ্যিক উদ্দেশ্যে পৃথক প্রতিষ্ঠান/ফার্ম/খামারভিত্তিক গবাদি পশু, হাঁস-মুরগি, পাখি পালন, মৎস্য খামার, বনায়ন নার্সারির ক্ষেত্রে প্রতিষ্ঠান হিসেবে বিবেচনা করে তথ্য সংগ্রহ করতে হবে।

**প্রতিষ্ঠান:**

যে সকল ইউনিটে বিভিন্ন দ্রব্য সামগ্রী উৎপাদন, সংগ্রহ, সরবরাহ, ক্রয়-বিক্রয় বা বিতরণজনিত নানা ধরনের অর্থনৈতিক কর্মকাণ্ড অথবা সেবামূলক কর্মকাণ্ড সম্পাদন করা হয়। এরূপ ইউনিট প্রতিষ্ঠান হিসেবে গণ্য করতে হবে। খানায় অবস্থিত কোন আলাদা কক্ষ কিংবা স্থানকে যদি শুধুমাত্র অর্থনৈতিক কর্মকাণ্ডের জন্য দোকান/শো-রুম/কারখানা হিসেবে ব্যবহার করা হয়, তাহলে সেগুলোকেও প্রতিষ্ঠান ইউনিট হিসেবে বিবেচনা করতে হবে।

**স্থায়ী প্রতিষ্ঠান:**

কোন ব্যক্তি, ব্যক্তিসমষ্টি, সমাজ বা রাষ্ট্রের মালিকানাধীন প্রতিষ্ঠান যেখানে বিভিন্ন দ্রব্য-সামগ্রী সংগ্রহ, উৎপাদন, ক্রয়-বিক্রয় ও বণ্টন অথবা কোন সামাজিক ও ব্যক্তি সেবায় নিয়োজিত সেগুলোকে স্থায়ী প্রতিষ্ঠান বলে। উদাহরণ: শিল্প-কারখানা, মৎস্য/মাংস প্রক্রিয়াকরণ ও হাঁস-মুরগি, দুগ্ধখামার, দোকান-পাট, ব্যবসা প্রতিষ্ঠান, হোটেল-রেস্তোরাঁ, স্কুল-কলেজ, মসজিদ-মন্দির, সরকারি/বেসরকারি অফিস, আদালত ইত্যাদিকে এক-একটি প্রতিষ্ঠান ধরতে হবে। এগুলো স্থায়ী ঘরদোরসহ একক অবস্থানে অবস্থিত ও প্রধানত এক ধরনের কর্মকাণ্ডে নিয়োজিত থাকবে। ক্ষেত্র বিশেষে একের অধিক কর্মকাণ্ডে নিয়োজিত থাকলে অধিকতর আয়ের ভিত্তিতে প্রধান কর্মকাণ্ডটিকে বিবেচনা করতে হবে।

**অস্থায়ী প্রতিষ্ঠান:**

গ্রোথ সেন্টার, শহর এলাকার রাস্তার পাশে কোন নির্দিষ্ট স্থানে অস্থায়ী ছাউনির নিচে বসে নিয়মিতভাবে এক বা একাধিক বৎসরকাল বিভিন্ন দ্রব্যাদি বেচাকেনা, মেরামত বা অপরাপর অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত ছোটখাটো দোকান পাট ও প্রতিষ্ঠানগুলোকে অস্থায়ী প্রতিষ্ঠান বলা হয়। অস্থায়ী প্রতিষ্ঠানের কোন স্থায়ী কাঠামো বা ঘর থাকে না। তবে, অস্থায়ী ছাউনি কিংবা অস্থায়ী বেড়া/বেটনী থাকতে পারে।

**তৃতীয় অধ্যায়**  
**প্রশ্নপত্র পূরণ পদ্ধতি**

অর্থনৈতিক শুমারির প্রশ্নপত্রটি তিনটি অংশে বিভক্ত। প্রথম অংশ ও তৃতীয় অংশ সকল ইউনিটের জন্য পূরণ করতে হবে। এবং দ্বিতীয় অংশ শুধুমাত্র উৎপাদন সংক্রান্তকর্মকাণ্ডে নিয়োজিত ইউনিটের জন্য পূরণ করতে হবে।

**সকল ইউনিটের জন্য পূরণ করুন**

**প্রশ্ন নং-১: মৌজা/মহল্লার নাম ও কোড:**

ইউনিটটি যে মৌজা/মহল্লায় অবস্থিত সে মৌজা/মহল্লার নাম ইংরেজি বড় হাতের বর্ণে লিখুন ও প্রদত্ত বক্সে ৩ (তিন) ডিজিটের মৌজা/মহল্লা কোড ইংরেজিতে লিখে পূরণ করুন।

**প্রশ্ন নং-১.১: ইউনিটের ক্রমিক নং:**

তথ্য সংগ্রহের কাজ এলাকার উত্তর-পশ্চিম কোণ হতে শুরু করে অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা বা প্রতিষ্ঠানে গিয়ে তথ্য সংগ্রহ করতে হবে। প্রথমে চক দিয়ে প্রত্যেক ইউনিটের প্রধান দরজায় তিন অংকে ইউনিটের ক্রমিক নম্বর দিন। উদাহরণ: প্রথমটির জন্য 001, দ্বিতীয়টির জন্য 002 ইত্যাদি। একই সাথে প্রশ্নপত্রে সংরক্ষিত বড় বক্সে ইউনিটের ক্রমিক নম্বর একইভাবে ইংরেজি সংখ্যায় প্রথমটির জন্য   , দ্বিতীয়টির জন্য    লিখুন।

যেমন: ইউনিট নং 038-এর জন্য নিম্নরূপভাবে বক্স পূরণ করুন:

ইউনিটের ক্রমিক নং:

একইভাবে সর্পিলাসপের মতো পাঁচানো বা বাঁকানো পদ্ধতিতে অগ্রসর হয়ে গণনা এলাকার প্রতিটি ইউনিটে তথ্য সংগ্রহ করতে হবে। একটি ইউনিটের জন্য একটি মাত্র প্রশ্নপত্র ব্যবহার করুন।

**প্রশ্ন নং-২: ইউনিটের নাম ও ঠিকানা:**

**নাম:** ইউনিটটি অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা হলে খানাপ্রধানের নাম ও প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের নাম ইংরেজিতে লিখুন। যেমন: 'ABDUR RAHMAN', 'BISWAS TRADERS', 'PRAGATI CLUB' ইত্যাদি। যদি প্রতিষ্ঠানের কোন নাম বা নামের কোন সাইনবোর্ড না থাকে তবে উক্ত প্রতিষ্ঠানের মালিক/পরিচালকের নাম লিখুন।

**গ্রাম/মহল্লা:**

খানা বা প্রতিষ্ঠানটি ইউনিটের মধ্যে হলে গ্রামের/পাড়ারনাম লিখুন এবং সিটি করপোরেশন/পৌরসভায় হলে মহল্লার নাম লিখুন। যেমন: কোন একটি ইউনিট দৌলতপুর গ্রামে অবস্থিত তাহলে গ্রাম/মহল্লার স্থানে 'DAULATPUR' লিখুন। যদি ইউনিটটি পৌরসভা/সিটি করপোরেশনের কোন মহল্লায় অবস্থিত হয় তখন মহল্লার নাম লিখুন। যেমন: আগারগাঁও মহল্লার ক্ষেত্রে লিখুন 'AGARGAON'।

**বাড়ি/মার্কেটের নাম:**

ইউনিটটি কোন বাড়িতে হলে যদি বাড়ির নাম থাকে তবে তাইংরেজিতে লিখুন। যেমন: সৈয়দবাড়ির ক্ষেত্রে লিখুন 'SYED BARI'। আবার ইউনিটটি যদি কোন মার্কেটে বা বাজারে অবস্থিত হয় তবে মার্কেট বা বাজারের নাম লিখুন। যেমন: নতুন বাজার হলে 'NOTUN BAZAR' বা চৌধুরী মার্কেট হলে 'CHOWDHURY MARKET' ইত্যাদি।

**রোড নং/নাম:**

ইউনিটটি যে রোডে অবস্থিত সে রোড বা রাস্তার যদি কোন নম্বর থাকে তা লিখুন অথবা যদি নাম থাকে তবে তালিখুন। যেমন: 'ROAD NO: 1' অথবা কাজী নজরুল ইসলাম এভিনিউ হলে 'KAZI NAZRUL ISLAM AVENUE'। রোড নম্বর বা নাম না থাকলে স্থানীয়ভাবে রাস্তাটি যে নামে পরিচিত তা নিশ্চিত হয়ে ইংরেজিতে লিখুন।

**হোল্ডিং নং:** ইউনিটের হোল্ডিং/বাড়ি নং থাকলে তা লিখুন। পৌরসভা বা সিটি করপোরেশন এলাকার ক্ষেত্রে অবশ্যই হোল্ডিং/বাড়ি নম্বর লিখতে হবে।

**টেলিফোন নং:** ইউনিটের ল্যান্ড টেলিফোন থাকলে তার নাম্বার লিখুন। এক্ষেত্রে যদি ল্যান্ড টেলিফোন না থাকে তবে মোবাইল নাম্বার লিখুন। টেলিফোন এবং মোবাইল উভয়ই থাকলে, টেলিফোন নাম্বারকে অগ্রাধিকার দিতে হবে।

**ফ্যাক্স নং:** ইউনিটে ফ্যাক্স থাকলে ফ্যাক্স নাম্বারটি লিখতে হবে।

**ইমেইল ঠিকানা:** ইউনিটে যোগাযোগের জন্য খানার ক্ষেত্রে কোন সদস্য কিংবা প্রতিষ্ঠানের ক্ষেত্রে দায়িত্বশীল ব্যক্তির ইমেইল ঠিকানা থাকলে স্পষ্টভাবে লিখুন। যেমন: pqrst.nu@gmail.com, mnop\_1982@yahoo.com ইত্যাদি।

**প্রশ্ন নং-৩: ইউনিট প্রধান:**

**লিঙ্গ:**

ইউনিট প্রধান পুরুষ বা মহিলা জেনে নিয়ে প্রযোজ্য বক্সে  চিহ্ন দিন। তিনি যদি পুরুষ বা মহিলা না হন তাহলে অন্যান্য বক্সে  দিন।

**শিক্ষা:**

ইউনিট প্রধানের শিক্ষার ক্ষেত্রে তিনি সর্বোচ্চ কোন শ্রেণি পাশ করেছেন তা জেনে নিয়ে নিচে উল্লিখিত দুই অংকের কোড বড় বক্সে () লিখুন। শ্রেণিভিত্তিক শিক্ষা কার্যক্রম নেই এমন কোন প্রতিষ্ঠানে লেখাপড়া করে থাকলে কোন শ্রেণি পাশ করেনি বলে বিবেচনা করতে হবে। এক্ষেত্রে কোড  লিখুন। এমবিবিএস ডাক্তার, বিএসসি ইঞ্জিনিয়ার হলে  কোড পূরণ করুন এবং ডিপ্লোমা ইঞ্জিনিয়ার হলে  কোড পূরণ করুন।

<input type="text"/> <input type="text"/>	স্কুলে যায়নি বা ১ম শ্রেণি পাশ করেনি	<input type="text"/> <input type="text"/>	৫ম শ্রেণি পাশ	<input type="text"/> <input type="text"/>	এসএসসি/সমমান পাশ
<input type="text"/> <input type="text"/>	১ম শ্রেণি পাশ	<input type="text"/> <input type="text"/>	৬ষ্ঠ শ্রেণি পাশ	<input type="text"/> <input type="text"/>	এইচএসসি/সমমান পাশ
<input type="text"/> <input type="text"/>	২য় শ্রেণি পাশ	<input type="text"/> <input type="text"/>	৭ম শ্রেণি পাশ	<input type="text"/> <input type="text"/>	স্নাতক/সমমান পাশ
<input type="text"/> <input type="text"/>	৩য় শ্রেণি পাশ	<input type="text"/> <input type="text"/>	৮ম শ্রেণি পাশ	<input type="text"/> <input type="text"/>	স্নাতক(সম্মান)/সমমান পাশ
<input type="text"/> <input type="text"/>	৪র্থ শ্রেণি পাশ	<input type="text"/> <input type="text"/>	৯ম শ্রেণি পাশ	<input type="text"/> <input type="text"/>	স্নাতকোত্তর/এমএস/পিএইচডি/সমমান

**বয়স:**

ইউনিট প্রধানের বয়স জিজ্ঞেস করে প্রশ্নপত্রে দুই অংকে ইংরেজিতে ঘর পূরণ করুন। বয়স ভালভাবে যাচাই করুন। প্রয়োজনে জন্মতারিখ জেনে নিয়ে বয়স বের করুন। বয়স যাচাইয়ের ক্ষেত্রে কোন ঐতিহাসিক ঘটনা বা বিশেষভাবে উল্লেখযোগ্য কোন ঘটনাকে রেফারেন্স ধরা যেতে পারে। বয়স পূর্ণ বছরে লিখবেন। যেমন: কারও বয়স ২৭ বছর ৯ মাস হলে ২৭ বছর অর্থাৎ  লিখুন। বয়স ১০০ বছর বা তার বেশি হলে 99 লিখুন।

**প্রশ্ন নং-৪: ইউনিটের প্রকার**

ইউনিটকে দুই প্রকারে বিভক্ত করা হয়েছে: যথা- খানা ও প্রতিষ্ঠান।

ইউনিটটি খানা বা প্রতিষ্ঠান হলে প্রযোজ্য ঘরে  চিহ্ন দিন। [এ ম্যানুয়ালের দ্বিতীয় অধ্যায়ে প্রদত্ত ‘সংজ্ঞা’ অনুসরণ করুন]।

ইউনিটটি যদি প্রতিষ্ঠান হয় তবে নিম্নবর্ণিত দুই ধরনের প্রতিষ্ঠান হতে প্রযোজ্য ঘরটিতে  চিহ্ন দিন।

**স্থায়ী:**

স্থায়ী প্রতিষ্ঠান বলতে স্থায়ী কাঠামো/ঘরসহ নির্দিষ্ট স্থানে অবস্থিত শিল্প-কারখানা, দোকান-পাট, হোটেল-রেস্তোরাঁ, গুদাম, মেরামত কারখানা, স্কুল, কলেজ, অফিস, আদালত, মসজিদ, মন্দির, গির্জা ইত্যাদি বুঝায়।

**অস্থায়ী:**

রাস্তার পাশে হাট, বাজার বা গ্রোথ সেন্টারের অস্থায়ী ছাউনির নিচে এক বা একাধিক বছর যাবত নিয়মিতভাবে পণ্য দ্রব্যাদি কেনা-বেচা ও মেরামত কাজে সংশ্লিষ্ট দোকান-পাট ও অন্যান্য প্রতিষ্ঠানকে অস্থায়ী প্রতিষ্ঠান হিসেবে ধরা হবে। যে সমস্ত ঘরের ছাউনি আছে বেড়া নেই বা বেড়া আছে ছাউনি নেই সেগুলোও অস্থায়ী প্রতিষ্ঠান।

**প্রশ্ন নং-৫: ইউনিটের প্রধান অর্থনৈতিক কর্মকাণ্ডের প্রকার:**

উত্তরদাতার নিকট হতে ইউনিটের প্রধান অর্থনৈতিক কর্মকাণ্ড সম্পর্কে জেনে নিন। তারপর উক্ত প্রশ্নটির উত্তর লেখার আগে কোড লিস্ট হতে প্রধান অর্থনৈতিক কর্মকাণ্ডের প্রকার সনাক্তপূর্বক প্রদত্ত বক্সে   দুই অংকের কোড লিখুন। নিচে বিভিন্ন অর্থনৈতিক কর্মকাণ্ডের প্রকারের কোড দেয়া হল। এ সকল শিল্প কোডের আওতাভুক্ত কার্যক্রমের বিস্তারিত বিবরণ শুমারি বইয়ের শুরুতে দেয়া আছে।

**ইউনিটের প্রধান অর্থনৈতিক কর্মকাণ্ডের প্রকারের কোড:**

কোড	বিবরণ	কোড	বিবরণ
01	কৃষি, বন ও মৎস্য	12	জমি (রিয়েল এস্টেট) সংক্রান্ত কার্যক্রম
02	খনি হতে খনিজ পদার্থ আহরণ	13	পেশাগত, বৈজ্ঞানিক ও কারিগরি কার্যক্রম
03	উৎপাদন	14	প্রশাসনিক এবং সহায়ক সেবা কার্যক্রম
04	বিদ্যুৎ, গ্যাস, বাষ্প ও শীতাতপ নিয়ন্ত্রণযন্ত্র সরবরাহ	15	লোকপ্রশাসন এবং প্রতিরক্ষা, বাধ্যতামূলক সামাজিক নিরাপত্তা
05	পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন, বর্জ্য ব্যবস্থাপনা ও নিষ্কাশন কার্যক্রম	16	শিক্ষা
06	নির্মাণ	17	জনস্বাস্থ্য এবং সামাজিক সেবা কার্যক্রম
07	পাইকারি ও খুচরা ব্যবসা, মোটরযান ও মোটরসাইকেল এবং রিকশা মেরামত	18	কলাবিদ্যা, আপ্যায়ন, বিনোদন এবং মেরামতকর্ম
08	পরিবহন (ডাক ও কুরিয়ারসহ) এবং মজুত	19	অন্যান্য সেবা কার্যাবলি
09	আবাসন ও খাদ্যসেবা কার্যক্রম (হোটেল ও রেস্তোরাঁ)	20	নিয়োগকারী হিসেবে খানার কার্যক্রম, নিজস্ব ব্যবহারের জন্য খানার অবিভাজিত দ্রব্য সামগ্রী ও সেবা উৎপাদনমূলক কার্যক্রম
10	তথ্য ও যোগাযোগ	21	স্বদেশ বহির্ভূত সমিতি এবং সংস্থার কার্যক্রম
11	আর্থিক ও বিমা সংক্রান্ত কার্যক্রম		

**প্রশ্ন নং-৬: ইউনিটের অর্থনৈতিক কর্মকাণ্ডের বিস্তারিত বিবরণ:**

ইউনিটের অর্থনৈতিক কর্মকাণ্ডের বিস্তারিত বিবরণ প্রশ্নের নিচে খালি জায়গায় লিখুন। মনে রাখবেন ইউনিটের অর্থনৈতিক কাজের পূর্ণ বিবরণ সুনির্দিষ্ট ও সঠিকভাবে বাংলায় লিখতে হবে। তথ্যসংগ্রহকারী/গণনাকারী শুধুমাত্র বিবরণ লিখবেন। শিল্প কোডসমূহ পরবর্তীতে নিয়োগকৃত কোডার পূরণ করবেন।

**উদাহরণস্বরূপ:** আসবাবপত্র প্রস্তুত ইউনিটের জন্য শুধুমাত্র আসবাবপত্র প্রস্তুত প্রতিষ্ঠান লিখলে হবে না। কিসের আসবাবপত্র প্রস্তুত করে যেমন- কাঠের, লোহার বা বেতের তৈরি আসবাবপত্র তৈরি করে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। বিক্রয়কারী প্রতিষ্ঠানের জন্য শুধু 'বিক্রয় প্রতিষ্ঠান' লিখলে চলবে না। কী কী পণ্য দ্রব্য বিক্রয় করে তার বিবরণ দিতে হবে।

৬ নং প্রশ্নের উত্তর যদি উৎপাদন কর্মকাণ্ড সম্পর্কিত হয় তাহলে ৭ নং প্রশ্ন পূরণ করুন। যদি মেরামত/বিক্রয়/সেবাপ্রদান কর্মকাণ্ড সম্পর্কিত হয় তাহলে ৮ নং প্রশ্ন পূরণ করুন। যদি উভয়ই হয় তাহলে ৭ নং ও ৮ নং উভয় প্রশ্ন পূরণ করুন। যদি একই ইউনিটে একাধিক অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালিত হয় সেক্ষেত্রে ৬ নং প্রশ্নে অধিকতর আয় আসে এমন কর্মকাণ্ডের বর্ণনা লিখতে হবে। তবে, ৭নং ও ৮ নং প্রশ্নে সকল কর্মকাণ্ড আলাদা ক্রমিকে উল্লেখ করতে হবে।

**প্রশ্ন নং-৭: উৎপাদনকারী ইউনিটের প্রধান প্রধান উৎপাদিত দ্রব্যাদিরবিবরণ:**

ইউনিটটি যদি কোন দ্রব্য সামগ্রী উৎপাদন করে থাকে, তবে তার উৎপাদিত দ্রব্যাদি পরিমাণের গুরুত্ব অনুসারে ১ হতে ৪ নং পর্যন্ত সারিতে লিপিবদ্ধ করুন। একটি গার্মেন্টস কারখানার ক্ষেত্রে তাদের উৎপাদিত দ্রব্য প্যান্ট, শার্ট ইত্যাদি হতে পারে। স্টিল মিলের জন্য ঢেউটিন আবার টেক্সটাইল মিল হলে কাপড় (কটন/সিনথেটিক বা অন্যান্য) উৎপাদিত দ্রব্য হতে পারে। উৎপাদিত দ্রব্যসমূহের মধ্য হতে পরিমাণের গুরুত্ব বিবেচনায় সুনির্দিষ্টভাবে বাংলায় লিখুন। **তথ্য সংগ্রহকারী/গণনাকারী শুধুমাত্র বিবরণ লিখবেন। দ্রব্য কোডসমূহ পরবর্তীতে নিয়োগকৃত কোডার পূরণ করবেন।** যদি ইউনিটে উৎপাদন সম্পর্কিত কর্মকাণ্ড না থাকে, তাহলে প্রশ্ন ৭-এর উত্তরে 'N/A' লিখুন।

**প্রশ্ন নং-৮: মেরামত/বিক্রয়/সেবা প্রদানকারী ইউনিটের কাজের বিবরণ:**

ইউনিটটি যদি কোন দ্রব্য মেরামত/বিক্রয় বা সেবাদান করে তাহলে এসব কাজের প্রধান প্রধান ৪ (চার) টির নাম সুনির্দিষ্টভাবে এই প্রশ্নের খালি জায়গায় বাংলায় লিখুন। উদাহরণস্বরূপ- মুদির দোকান হলে তার প্রধান বিক্রিত দ্রব্য যেমন-চাল, ডাল, আটা, তেল লিখতে পারেন। আবার উকিলের চেম্বার হলে তার প্রকৃতি লিখুন 'আইন-আদালত সম্পর্কে পরামর্শ দান', মাদ্রাসা হলে লিখুন 'ধর্মীয় শিক্ষা প্রদান', হাসপাতাল/ক্লিনিক হলে চিকিৎসার ধরন যেমন- 'ডায়াবেটিক/কলেরা/হৃদরোগ/চক্ষু/পঞ্জু হাসপাতাল' লিখুন। উক্ত ক্ষেত্রেও **তথ্য সংগ্রহকারী/গণনাকারী শুধুমাত্র বাংলায় বিবরণ লিখবেন। মেরামত/বিক্রয়/সেবাকোডসমূহ পরবর্তীতে নিয়োগকৃত কোডার পূরণ করবেন।** যদি ইউনিটে মেরামত/বিক্রয়/সেবা প্রদান সম্পর্কিত কর্মকাণ্ড না থাকে, তাহলে প্রশ্ন নং ৮-এর উত্তরে 'N/A' লিখুন।

**প্রশ্ন নং-৯: ইউনিটের (প্রতিষ্ঠান) আইনগত মালিকানা:**

প্রতিষ্ঠানের আইনগত মালিকানা সম্পর্কে দায়িত্বশীল ব্যক্তির নিকট থেকে নিশ্চিত হয়ে যেটি প্রযোজ্য সে দুই অংকের কোড নিচের বক্সে   ইংরেজিতে লিখুন। নিম্নে আইনগত মালিকানা সম্পর্কে সংক্ষেপে আলোকপাত করা হল:

- (১) **ব্যক্তিগত/পারিবারিক মালিকানা:** ব্যক্তি মালিকানা প্রতিষ্ঠানের অর্থনৈতিক কাজকর্ম কোন একক ব্যক্তি বা পরিবার দ্বারা পরিচালিত এবং এর লাভ ও ক্ষতি তার একক বা পরিবারের দায়িত্ব।
- (২) **অংশীদারিত্ব মালিকানা:** অংশীদারিত্বের প্রতিষ্ঠান একটি লিখিত বা অলিখিত চুক্তিভিত্তিক আর্থিক প্রতিষ্ঠান। অংশীদারের সংখ্যা ২ বা ততোধিক হতে পারে।
- (৩) **প্রাইভেট লিমিটেড কোম্পানি:** কোম্পানির সংঘবিধি (Article of Association) অনুযায়ী সদস্যগণের শেয়ার হস্তান্তরের অধিকার থাকবে না। সদস্য সংখ্যা কমপক্ষে দুইজন এবং ৫০ জনের অধিক হবে না এবং কর্মচারীগণকে সদস্য হিসেবে ধরা যাবে না। জনসাধারণকে কোম্পানির শেয়ার বা ডিবেঞ্চার ক্রয় করতে আহ্বান করা যাবে না।
- (৪) **পাবলিক লিমিটেড কোম্পানি:** কোম্পানি আইন, ১৯৯৪-এর অধীনে গঠিত (Incorporated) বা এতদসংক্রান্ত আইনে স্বীকৃত বিদ্যমান কোম্পানিসমূহ, যা প্রাইভেট কোম্পানি নয় তাদেরকে বুঝায়। পাবলিক লিমিটেড কোম্পানির ক্ষেত্রে সদস্য সংখ্যা ন্যূনতম ৭ জন। তবে সর্বোচ্চ সদস্য সংখ্যা সংঘ-স্মারক (Memorandum of Association) দ্বারা স্থিরীকৃত হয় এবং শেয়ার ও ঋণপত্র ক্রয় করার জন্য জনগণকে আমন্ত্রণ জানাতে পারে। তবে এর কর্মচারীগণ কোনক্রমেই সদস্যভুক্ত হতে পারে না।

- (৫) **সরকারি মালিকানা:** সরকারের ব্যবস্থাপনায় পরিচালিত অফিস-আদালত ও যে সকল প্রতিষ্ঠান-এর একক মালিক বাংলাদেশ সরকার সেগুলিকে সরকারি মালিকানা প্রতিষ্ঠান বলা হয়।
- (৬) **স্বায়ত্তশাসিত মালিকানা:** পাবলিক সেক্টরে যেসব প্রতিষ্ঠান প্রধানত তাদের স্ব-স্ব আইন ও বাজেট দ্বারা গঠিত ও নিয়ন্ত্রিত হয় সেসব প্রতিষ্ঠানকে বুঝায়। যেমন:পাবলিক বিশ্ববিদ্যালয়, সিটি করপোরেশন, পৌরসভা ইত্যাদি। তাদের সকল ক্ষমতা ও কর্তৃত্ব উক্ত আইনে অন্তর্ভুক্ত থাকে। স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী প্রধানত সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত হন।
- (৭) **বিদেশি মালিকানা:** মূলত যে সমস্ত প্রতিষ্ঠানের সম্পূর্ণ মালিকানা বিদেশিদের এবং তারা সরকারের অনুমতি নিয়ে বাংলাদেশের অভ্যন্তরে শিল্প/ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তুলেছে এবং ব্যবসা-বাণিজ্যে নিয়োজিত আছে।
- (৮) **যৌথ মালিকানা:** যেসব প্রতিষ্ঠান প্রাইভেট ও পাবলিক লিমিটেড কোম্পানির ন্যায় সরকারের অনুমতি নিয়ে দেশি এবং বিদেশিদের মালিকানায় কোন প্রতিষ্ঠান পরিচালনা করছে এরূপ প্রতিষ্ঠান যৌথ মালিকানার আওতাভুক্ত হবে।
- (৯) **সমবায় মালিকানা:** এসব প্রতিষ্ঠানের মুখ্য উদ্দেশ্য মুনাফা অর্জন নয় বরং সদস্যদের সেবা প্রদান। সমিতির পুঁজি আকারে সমিতির সদস্যগণ কর্তৃক দেয় অর্থ দ্বারা গঠিত এবং এর সঞ্চয় আনুপাতিক হারে সদস্যগণের মধ্যে লভ্যাংশ বণ্টন করা হয়। এই প্রতিষ্ঠান সরকারের সমবায় কাঠামো ও নীতিমালা অনুসারে পরিচালিত হয়ে থাকে এবং সমবায় অধিদপ্তরে নিবন্ধনকৃত।
- (১০) **অলাভজনক প্রতিষ্ঠান- এনপিআই (Non-Profit Institution):** সাধারণত আর্থিক মুনাফার উদ্দেশ্যে পরিচালিত নয় এমন প্রতিষ্ঠানাদি; যেমন- অধিকাংশ এনজিও, মসজিদ, মন্দির, গির্জা, প্যাগোডা, মাজার, অবৈতনিক বিদ্যালয়, বিভিন্ন পেশাজীবী সমিতি, রাজনৈতিক দল, ট্রেড ইউনিয়ন, কর্মচারী সমিতি, ক্লাব, এতিমখানা, স্বেচ্ছাসেবী সংগঠন, ক্রীড়া/সাংস্কৃতিক/সামাজিক সংগঠন, সামাজিক/অর্থনৈতিক উন্নয়নের বিভিন্ন কর্মকাণ্ড পরিচালনাকারী প্রতিষ্ঠান/সংগঠনসমূহ ইত্যাদি অলাভজনক প্রতিষ্ঠান হিসেবে বিবেচিত হবে।
- (১১) **প্রবাসী বাংলাদেশি:** যে সমস্ত প্রতিষ্ঠানের পূর্ণাঙ্গ বা আংশিক মালিকানা বিদেশে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের দ্বারা গঠিত তাদেরকে বুঝাবে। এক্ষেত্রে প্রতিষ্ঠান বাংলাদেশে অবস্থানরত প্রবাসীদের মনোনীত ব্যক্তি দ্বারা পরিচালিত হতে পারে।
- (১২) **অন্যান্য মালিকানা:** উপরে উল্লিখিত মালিকানাসমূহ ব্যতীত যেকোনো প্রতিষ্ঠান।

**প্রশ্ন নং-১০: প্রতিষ্ঠানে প্রবাসী বাংলাদেশিদের বিনিয়োগ আছে কি?**

ইউনিটটিতে প্রবাসী বাংলাদেশির বিনিয়োগ আছে কি? এ প্রশ্নের উত্তর ‘হ্যাঁ’ হলে হ্যাঁ এর বক্সে এবং না হলে ‘না’ এর বক্সে  চিহ্ন দিন।

প্রশ্ন নং-১০.১: হ্যাঁ হলে বিনিয়োগের পরিমাণ হাজার টাকায় লিখুন।

১০ নং প্রশ্নের উত্তর যদি হ্যাঁ হয় সেক্ষেত্রে প্রবাসী কর্তৃক বিনিয়োগকৃত অর্থের পরিমাণ হাজার টাকায় লিখুন।  
যেমন:

এক হাজার টাকা হলে	0	0	0	0	0	0	1
এক লাখ টাকা হলে	0	0	0	0	1	0	0
এক কোটি টাকা হলে	0	0	1	0	0	0	0
দশ কোটি টাকা হলে	0	1	0	0	0	0	0
একশ পনের কোটি টাকা হলে	1	1	5	0	0	0	0

প্রশ্ন নং-১১: ইউনিটটি নিবন্ধিত কি?

ইউনিটটি নিবন্ধিত কিনা, তা জেনে নিয়ে ‘হ্যাঁ’ বা ‘না’ প্রযোজ্য বক্সে  চিহ্ন দিন। যদি কোন প্রতিষ্ঠানের নিবন্ধন প্রয়োজন না হয় তবে প্রযোজ্য নয় বক্সে  চিহ্ন দিন।

প্রশ্ন নং-১১.১: ১১ নং প্রশ্নের উত্তর হ্যাঁ হলে নিবন্ধন প্রদানকারী সংস্থার নাম জেনে নিয়ে প্রযোজ্য দুই অংকের কোডটি নিচের বক্সে   লিখুন। এক্ষেত্রে ইউনিটটি একাধিক প্রতিষ্ঠান হতে নিবন্ধিত হলে যে সংস্থার নিবন্ধনটি প্রতিষ্ঠানেকার্যক্রম শুরু করার জন্য অধিকতর গুরুত্বপূর্ণ তা জেনে কোড লিখুন। যেমন: কোন কোন প্রতিষ্ঠান ইউনিয়ন পরিষদ বা পৌরসভার নিকট হতে লাইসেন্স নিয়ে কার্যক্রম পরিচালনা করে থাকে। আবার কোন কোন প্রতিষ্ঠান ইউনিয়ন পরিষদ বা পৌরসভার লাইসেন্স থাকলেও জয়েন্ট স্টক কোম্পানি হিসেবে নিবন্ধন ছাড়া কার্যক্রম পরিচালনা করতে পারেনা। সেক্ষেত্রে জয়েন্ট স্টক কোম্পানির নিবন্ধন উক্ত প্রতিষ্ঠানের জন্য গুরুত্বপূর্ণ। এ উদাহরণের ক্ষেত্রে কোড   লিখুন। তবে মনে রাখতে হবে, কোন প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনার জন্য কিছু কিছু সংস্থা/প্রতিষ্ঠান/কর্তৃপক্ষ হতে অনুমোদন প্রয়োজন হয়। অনুমোদন আর নিবন্ধন এক বিষয় নয়। ফলে, নিবন্ধন প্রদানকারী সংস্থার নাম ভালভাবে জেনে নিয়ে যথাযথ কোড লিখুন।

প্রশ্ন নং-১২: কোন সালে আরম্ভ হয়েছে?

ইউনিটটিতে অর্থনৈতিক কাজ আরম্ভের ইংরেজি সাল জেনে নিয়ে চার অংকে সালটি নিচে নির্দিষ্ট খালি বক্সে লিখুন। ইউনিটটি যদি ২০০৬ সালে নিবন্ধিত হয়ে থাকে এবং ২০০৭ সালে শিল্প উৎপাদনে যায় সেক্ষেত্রে ২০০৭ সালকে আরম্ভ হয়েছে বিবেচনা করে নির্দিষ্ট বক্সে     লিখুন।

প্রশ্ন নং-১৩: ইউনিটের বিক্রয় পদ্ধতি:

ইউনিটে কোন দ্রব্য সামগ্রী বিক্রয় করা হলে, পাইকারি অথবা খুচরা প্রধানত যেপদ্ধতিতে বিক্রয় হয় সেটির প্রযোজ্য বক্সে  চিহ্ন দিন এবং যে ইউনিটে কোন দ্রব্য সামগ্রী বেচা হয় না তার জন্য ‘প্রযোজ্য নয়’ বক্সে  চিহ্ন দিন।

প্রশ্ন নং-১৪: হিসাব রাখার ব্যবস্থা আছে কি?

ইউনিটে লিখিত হিসাব রাখার ব্যবস্থা আছে কিনা জেনে নিয়ে প্রযোজ্য বক্সে  চিহ্ন দিন। মনে রাখতে হবে, হিসাব রাখার ক্ষেত্রে সব ইউনিট হিসাববিজ্ঞান বা অ্যাকাউন্টিং-এর যথাযথ পদ্ধতি ব্যবহার নাও করতে পারে। অর্থাৎ কেউ যদি সাধারণভাবে তাদের লেনদেনসমূহ যেমন: ক্রয়, বিক্রয়, আয়, ব্যয় ইত্যাদি কোন সাধারণ কাগজ বা খাতায় লিখে রাখেন, তাহলে উত্তরে ‘হ্যাঁ’ বক্সে  চিহ্ন দিন।

**প্রশ্ন নং ১৪.১: হ্যাঁ হলে**

১৪ নং প্রশ্নের উত্তর যদি হ্যাঁ হয়, তাহলে ১৪.১ নং প্রশ্নে সম্ভাব্য ৪টি উত্তরের মধ্য হতে প্রযোজ্য বক্সে  চিহ্ন দিন। উক্ত ইউনিটে যে হিসাব ব্যবস্থা রয়েছে তাতে একটি নির্দিষ্ট সময়ান্তরে হিসাবের হালনাগাদ করা হয় বা জের টানা হয়। পূর্ববর্তী জের-এর পরবর্তী লেনদেনসমূহ হিসাব-নিকাশ করে দৈনিক, মাসিক, বাৎসরিক যে সময়ান্তরে লাভ-লোকসান কিংবা স্থিতির জের টানা হয় তা ভালভাবে জেনে নিয়ে প্রযোজ্যবক্সে  চিহ্ন দিন। যদি অন্য কোনও পদ্ধতি ব্যবহৃত হয়, তবে অন্যান্য বক্সে  চিহ্ন দিন। যেমন: সাপ্তাহিক বা পাক্ষিক।

**প্রশ্ন নং-১৫: ইউনিটে বেতন/মজুরি প্রদান পদ্ধতি**

**প্রশ্ন নং-১৫.১:** বেতন/মজুরি প্রদানের পদ্ধতি সঠিকভাবে জেনে নিয়ে প্রযোজ্য বক্সে  চিহ্ন দিন। ইউনিটে মজুরি বা বেতন সাধারণত নগদ বা চেক-এ প্রদান করা হয়ে থাকে। নগদ বা চেক ছাড়াও পণ্যদ্রব্য বা সামগ্রীর মাধ্যমে দিলে অন্যান্য বক্সে  চিহ্ন দিন। এক্ষেত্রে ইউনিটে শুধু স্বনিয়োজিত কর্মী ছাড়া আর কোন বেতন/মজুরিভিত্তিক কর্মচারী না থাকলে ‘অন্যান্য’ বক্সে  চিহ্ন দিন।

**প্রশ্ন নং-১৫.২: ইউনিটে বেতন/মজুরি প্রদানের ধরন:**

ইউনিটে বেতন/মজুরি প্রদানের ধরন কী তা সঠিকভাবে জেনে নিয়ে প্রযোজ্য বক্সে  চিহ্ন দিন। এক্ষেত্রে স্বনিয়োজিতদের জন্য ‘প্রযোজ্য নয়’ বক্সে  চিহ্ন দিন। কোন ইউনিটে যদি একাধিক ধরন থাকে সেক্ষেত্রে বেতন/মজুরি প্রদানের প্রধান ধরনটি  চিহ্নিত করুন।

**প্রশ্ন নং-১৬: বর্তমান স্থায়ী মূলধন (টাকায়):**

কোন ইউনিটে উৎপাদন কর্মকাণ্ড ও ক্রয়-বিক্রয়/সেবাকর্ম পরিচালনার জন্য মালিক সরাসরি যে কলকজা, যন্ত্রপাতি, দালানকোঠা, আসবাবপত্র, গাড়ি/যানবাহন ইত্যাদির মতো স্থাবর সম্পত্তি ব্যবসায় পুঁজি হিসেবে বিনিয়োগ করেন তাকে সাধারণত স্থায়ী মূলধন বলা হয়। স্থাবর সম্পত্তি ব্যবসা শুরু করার সময় সংগ্রহ করা হয় এবং উৎপাদন/ক্রয়-বিক্রয়/সেবাকর্ম পরিচালনার কাজে সাধারণত একবছরের অধিক সময় ধরে ব্যবহৃত হয়। এ প্রশ্নের ক্ষেত্রে স্থায়ী মূলধন বলতে জাতীয় শিল্পনীতি ২০১০ অনুযায়ী অর্থনৈতিক ইউনিটের জমি ও কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদসমূহ যেমন: কলকজা ও যন্ত্রপাতি, কম্পিউটার সরঞ্জামাদি, ফটোকপি মেশিন, ফ্যাক্স মেশিন, টাইপরাইটার, টেলিফোন ও আনুষঙ্গিক অফিস সরঞ্জামাদি, আসবাবপত্র, যান্ত্রিক ও অযান্ত্রিক যানবাহন/গাড়ি ইত্যাদি স্থাবর/স্পর্শযোগ্য স্থায়ী সম্পদের প্রতিস্থাপন ব্যয় (Replacement cost)-সহবর্তমান মূল্য (Current price)-এবুঝাবে। সুতরাং, ইউনিটের স্থায়ী সম্পদের প্রতিস্থাপন ব্যয়সহ বর্তমান মূল্য সঠিকভাবে জেনে নিয়ে ১ হতে ৭টি ঘরের মধ্যে প্রযোজ্য বক্সে  চিহ্ন দিন। মনে রাখতে হবে, সরকারি মালিকানা ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ প্রশ্নটির উত্তর পূরণ করতে হবে না।

**প্রশ্ন নং-১৭: ইউনিটে অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত লোকের প্রকার ও সংখ্যা:**

**প্রশ্ন নং-১৭.১ মালিক/অংশীদার কর্মরত**

ইউনিটটির মালিক বা অংশীদারদের কেউ সচরাচর ঐ ইউনিটের কাজে সরাসরি নিয়োজিত থাকলে, পুরুষ ও মহিলাভেদে তাঁদের সংখ্যা দুই অংকে খালি জায়গায় লিখুন। মালিক/অংশীদার কেউ কর্মরত না থাকলে 0 0 লিখুন। সরকারি, স্বায়ত্তশাসিত বা সমবায় মালিকানাধীন ইউনিটে কোন কর্মরত মালিক বা অংশীদার থাকবে না। সুতরাং, এ ক্ষেত্রে প্রযোজ্য না হওয়ায় প্রদত্ত বক্সে কিছু লিখতে হবে না।

**প্রশ্ন নং-১৭.২ অবৈতনিক পারিবারিক কর্মী**

ইউনিটের মালিক বা অংশীদারদের পরিবারের কোন সদস্য বা সদস্যা সচরাচর বিনাবেতনে বা বিনা মজুরিতে ঐ ইউনিটে কাজ করলে, পুরুষ ও মহিলাভেদে তাদের সংখ্যা দুই অংকে লিখুন। উইনিটে কোন অবৈতনিক পারিবারিক কর্মী কর্মরত না থাকলে 0 0 লিখুন। সরকারি, স্বায়ত্তশাসিত বা সমবায় মালিকানার ইউনিটের কোন অবৈতনিক পারিবারিক কর্মী থাকবে না। সুতরাং, এ ক্ষেত্রে প্রযোজ্য না হওয়ায় প্রদত্ত বক্সে কিছু লিখতে হবে না।

**প্রশ্ন নং ১৭.৩ সার্বক্ষণিক নিয়োজিত কর্মী**

ইউনিটে সার্বক্ষণিকভাবে কর্মরত ও নিয়মিত পুরুষ কর্মচারীর জন্য চার অংকে এবং মহিলা কর্মচারীর জন্য চার অংকে তাদের সংখ্যা লেখা ও পূরণ করার ব্যবস্থা আছে। যে সকল কর্মচারী নিয়মিত বেতন ও অন্যান্য সুবিধার বিনিময়ে ইউনিটের নিয়মানুযায়ী দৈনিক পূর্ণকর্মসময় (সাধারণত ন্যূনতম ৮ ঘণ্টা) ধরে কাজ করেন তাদের সংখ্যা পুরুষ-মহিলাভেদে লিখুন। পুরুষ বা মহিলা কোন ক্ষেত্রে কোন সার্বক্ষণিক কর্মী নিয়োজিত না থাকলে 0 0 0 0 লিখুন।  
**ইউনিটে গণনার দিনে উপস্থিত ও অনুপস্থিত সকল নিয়মিত কর্মচারীর সংখ্যা গণনায় অন্তর্ভুক্ত করুন।**

উদাহরণ: যদি কোন প্রতিষ্ঠানে ১২৮ জন পুরুষ কর্মী ও ১২০ জন সার্বক্ষণিক/নিয়মিত মহিলা কর্মী থাকে তবে প্রযোজ্য বক্স নিম্নোক্তভাবে পূরণ করতে হবে: পুরুষ 0 1 2 8 মহিলা 0 1 2 0

**প্রশ্ন নং-১৭.৪: খণ্ডকালীন নিয়োজিত কর্মী (মাসিক গড়)**

ইউনিটের যে সকল কর্মচারী সার্বক্ষণিকভাবে নিয়োজিত এবং নিয়মিত কর্মীদের ন্যায় দৈনন্দিন পূর্ণ সময় কাজ করেন না অথবা মাসিক বা সাপ্তাহিক কাজের দিনগুলিতে সবদিন বা সবসময় কাজ করেন না এবং সেইজন্য তাঁরা সম্পূর্ণ বেতন ও অন্যান্য ভাতাদি পান না তাঁদেরকে খণ্ডকালীন নিয়োজিত কর্মী বলা হয়। এ জাতীয় কর্মীর সংখ্যার মাসিক গড় পুরুষ ও মহিলা ভেদে লিখুন। যেহেতু একেক দিন বা সপ্তাহে সংখ্যার তারতম্য থাকতে পারে। সেহেতু মাসভিত্তিক গড় সংখ্যা (Monthly Average) লিখুন। পুরুষ বা মহিলা কোন খণ্ডকালীন কর্মী নিয়োজিত না থাকলে সেক্ষেত্রে 0 0 0 লিখুন।

**প্রশ্ন নং-১৭.৫: অনিয়মিত কর্মী (সাপ্তাহিক গড়)**

অনিয়মিতভাবে কোন পুরুষ বা মহিলা কর্মী ইউনিটে নিয়োজিত থাকলে নিয়োজিত কর্মীদের সংখ্যা পুরুষ ও মহিলা উভয়ের জন্যই দুই অংকে পূরণ করুন। যে সকল কর্মী কোন বিশেষ প্রয়োজনে বা জরুরি মুহূর্তের জন্য সাময়িকভাবে নিয়োজিত হয় তারা অনিয়মিত কর্মী। যেহেতু তাঁদের সংখ্যা একেক দিন একেক রকম হতে পারে, সেহেতু সাপ্তাহিক ভিত্তিতে গড় সংখ্যা (Weekly Average) লিখুন। পুরুষ বা মহিলা কোন অনিয়মিত কর্মী নিয়োজিত না থাকলে সেক্ষেত্রে 0 0 লিখুন।

**বি. দ্র.:** মনে রাখতে হবে প্রশ্ন ১৭.১ হতে প্রশ্ন ১৭.৫-এর উত্তর সম্পূর্ণভাবে আলাদা/সম্পর্কযুক্ত নয় বা Mutually Exclusive (পারস্পরিক বিচ্ছিন্ন) হবে। এক্ষেত্রে সর্বমোট সংখ্যা বা যোগফল মেলাতে হবে না। শুধুমাত্র উৎপাদন সংক্রান্ত কর্মকাণ্ডে নিয়োজিত ইউনিটের জন্য পূরণ করতে হবে

**প্রশ্ন নং-১৮: উৎপাদনে যন্ত্রের ব্যবহার**

উৎপাদনে যন্ত্রের ব্যবহার অর্থাৎ উৎপাদন যন্ত্রের প্রকার বিভিন্ন ধরনের হতে পারে। উৎপাদন যন্ত্র বিদ্যুৎ বা ফুয়েল দ্বারা চালিত হতে পারে ক্ষেত্র বিশেষ বিদ্যুৎ ও ফুয়েল দুটোই দরকার হতে পারে। এমনকি যন্ত্রটি হস্তচালিতও হতে পারে। ইউনিটে কোন দ্রব্য সামগ্রী প্রস্তুতের জন্য যন্ত্রের ব্যবহার সংক্রান্ত তথ্য জেনে নিয়ে ১ হতে ৫ নং প্রদত্ত উত্তরের যেকোনো একটি প্রযোজ্য বক্সে  চিহ্ন দিন।

**প্রশ্ন নং-১৯: উৎপাদিত দ্রব্যের বাজারজাতকরণ**

কোন ইউনিট উৎপাদিত দ্রব্য/পণ্য স্থানীয় বাজারে, কোন ইউনিট আন্তর্জাতিক বাজারে কোন ইউনিট উভয় ক্ষেত্রেই বাজারজাত করতে পারে। সম্পূর্ণ স্থানীয়, সম্পূর্ণ রপ্তানি, স্থানীয় ও রপ্তানি এবং প্রযোজ্য নয় এ চার প্রকারের বাজারজাতকরণের ব্যবস্থা রয়েছে। ইউনিটে উৎপাদিত দ্রব্যাদি বাজারজাতকরণ কিভাবে হয় জেনে নিয়ে প্রযোজ্য বক্সে  চিহ্ন দিন।

**প্রশ্ন নং-২০: উৎপাদনে জ্বালানির ব্যবহার**

দ্রব্য উৎপাদনের জন্য কী ধরনের জ্বালানি ব্যবহার করা হয় জেনে নিয়ে প্রযোজ্য বক্সে  চিহ্ন দিন। একাধিক প্রকারের জ্বালানি ব্যবহারের ক্ষেত্রে শুধুমাত্র সর্বাধিক ব্যবহৃত জ্বালানীর ঘর পূরণ করুন। যদি কোন জ্বালানি ব্যবহার করা না হয় তাহলে ‘প্রযোজ্য নয়’ ঘর পূরণ করুন। মনে রাখবেন ইউনিটের ব্যবহৃত গাড়ির জ্বালানি বা আলোর জন্য ব্যবহৃত বিদ্যুৎ, গ্যাস, বা তেল জ্বালানি হিসেবে গণ্য হবে না। শুধুমাত্র উৎপাদন প্রক্রিয়ার জন্য ব্যবহৃত জ্বালানিই জ্বালানি হিসেবে বিবেচিত হবে।

**প্রশ্ন নং-২১: উৎপাদনে কম্পিউটার প্রযুক্তির ব্যবহার হয় কি না?**

প্রতিষ্ঠানের উৎপাদন কাজে যদি কম্পিউটার প্রযুক্তি ব্যবহার করা হয় তবেই উক্ত প্রশ্নের হ্যাঁ বক্সে  চিহ্ন দিন। ‘না’ হলে না বক্সে  চিহ্ন দিন। অফিস মেইনটেন্যান্স বা হিসাবপত্র রাখার কাজে ব্যবহৃত কম্পিউটার উৎপাদন কাজে ব্যবহৃত কম্পিউটার প্রযুক্তি হিসেবে বিবেচিত হবে না।

**প্রশ্ন নং-২২: অগ্নিনির্বাপন ব্যবস্থা আছে কি?**

প্রতিষ্ঠানে যদি অগ্নিনির্বাপন ব্যবস্থা থাকে তবে হ্যাঁ বক্সে  চিহ্ন দিন ‘না’ হলে না বক্সে  চিহ্ন দিন। আগুন লাগলে ফায়ার সার্ভিস বা ফায়ার ব্রিগেড সেবা প্রদান করে থাকে। এটা ইউনিটের অগ্নিনির্বাপক ব্যবস্থার মধ্যে পড়বে না। কোন কোন ইউনিটের নিজস্ব ব্যবস্থাপনায় আগুন নেভানোর ব্যবস্থা থাকে। যাচাই করে প্রযোজ্য বক্সে  দিন।

**প্রশ্ন নং-২২.১: থাকলে তা নিয়মিত রক্ষণাবেক্ষণ করা হয় কি?**

যদি প্রতিষ্ঠানে অগ্নিনির্বাপন ব্যবস্থা সচল থাকে তবে তা বিভিন্ন সময়ে ট্রায়াল দেওয়া বা মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বেই পরিবর্তন করা হয় কিনা জেনে হ্যাঁ অথবা না বক্সে  চিহ্ন দিন।

**প্রশ্ন নং-২৩: নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে বর্জ্য অপসারণ ব্যবস্থা আছে কি?**

সাধারণত উৎপাদন/সেবা প্রদান সংক্রান্ত অর্থনৈতিক কর্মকাণ্ডে যে বর্জ্য/আবর্জনা নিঃসারিত কিংবা উৎপাদিত হয় তা পরিবেশের জন্য ক্ষতিকর। ক্ষতিকর ইউনিটের বর্জ্য/আবর্জনা সরাসরি নদ-নদী, খাল-বিল, জলাশয় ইত্যাদিতে ফেলার আগে পরিশোধন করা কিংবা, মাটির নিচে পুঁতে ফেলা, পুড়িয়ে ফেলা বা অন্য কোনভাবে নিরাপদ স্থানে সংরক্ষণ করার মাধ্যমে বর্জ্য ব্যবস্থাপনা করা যায়। এ ধরনের কোন নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে বর্জ্য/আবর্জনা অপসারণের ব্যবস্থা আছে কি না জেনে নিয়ে প্রযোজ্য বক্সে  চিহ্ন দিন।

**প্রশ্ন নং-২৪: শৌচাগারের ব্যবস্থা আছে কি?**

ইউনিটে শৌচাগারের ব্যবস্থা আছে কিনা জেনে নিয়ে প্রযোজ্য বক্সে  চিহ্ন দিন। শৌচাগার বলতে পায়খানা-প্রস্রাব করার জায়গা/বাথরুম/ওয়াশরুম/টয়লেট বুঝাবে।

**প্রশ্ন নং-২৪.১: উত্তর হ্যাঁ হলে, মহিলাদের জন্য পৃথক ব্যবস্থা আছে কি?**

সঠিকভাবে জেনে নিয়ে প্রযোজ্য বক্সে  চিহ্ন দিন। প্রতিষ্ঠানে নিয়োজিত জনবলের অর্থাৎ ১৭ নং প্রশ্নের উত্তরে কোন মহিলা না থাকলে এ প্রশ্নের উত্তরে 'না' বক্সে  দিন।

### সকল ইউনিটের জন্য পূরণ করুন

**প্রশ্ন নং-২৫ হতে ২৭ পর্যন্ত উত্তর জিজ্ঞাসা করার ক্ষেত্রে উত্তরদাতাকে এ মর্মে পুনরায় আশ্বস্ত করুন যে, তার সকল ব্যক্তিগত তথ্য সম্পূর্ণ গোপন রাখা হবে এবং শুধুমাত্র উন্নয়ন পরিকল্পনা বা গবেষণার কাজে এ তথ্য ব্যবহার করা হবে।**

**প্রশ্ন নং-২৫: টিআইএন আছে কি?**

ইউনিটের জন্য সরকারের আয়কর পরিশোধের টিআইএন নম্বর থাকলে 'হ্যাঁ' এবং না থাকলে 'না' বক্সে  চিহ্ন দিন। টিআইএন অর্থাৎ (TIN) Tax Identification Number হল কর সনাক্তকরণ নম্বর।

**প্রশ্ন নং-২৬: প্রতিষ্ঠানটি মূল্য সংযোজন কর (মুসক/ভ্যাট) নিবন্ধিত কি?**

এক্ষেত্রে ভ্যাট রেজিস্ট্রেশন করা থাকলে 'হ্যাঁ' বক্সে আর যদি না থাকে তাহলে 'না' বক্সে  চিহ্ন দিন।

**প্রশ্ন নং-২৭: হ্যাঁ হলে কোন বছর মুসক (ভ্যাট) নিবন্ধন করা হয়েছে।**

মুসক (ভ্যাট) নিবন্ধনের সাল প্রদত্ত ঘরে চার অংকের ইংরেজি সাল (খ্রিস্টাব্দ) ইংরেজিতে লিখুন। যেমন- ২০০৭ হলে চার অংকে ইংরেজিতে     লিখুন।

## চতুর্থ অধ্যায়

### টালিশিট পূরণ পদ্ধতি

(সকল কোড ও সংখ্যা ইংরেজিতে লিখুন)

শুমারি বইয়ের টালি শিট দেখুন এবং নিম্ন-উল্লিখিত নির্দেশনা মোতাবেক টালিশিট পূরণ করুন।

পরিচিতি অংশ জিও কোড অনুযায়ী পূরণ করুন।

#### মোট ইউনিটের সংখ্যা:

এ অংশে তথ্যসংগ্রহকারী তার সংগৃহীত মোট ইউনিটের সংখ্যা হতে স্থায়ী প্রতিষ্ঠান, অস্থায়ী প্রতিষ্ঠান, অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা- এই তিনটি ভাগে ভাগ করে প্রতি ভাগের তথ্য সংগৃহীত/গণনাকৃত ফলাফল পূরণ করবেন। এখানে স্থায়ী প্রতিষ্ঠান, অস্থায়ী প্রতিষ্ঠান ও অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানার সংজ্ঞা এ ম্যানুয়ালের দ্বিতীয় অধ্যায়ে রয়েছে। এই তিনটি ভাগের প্রতিষ্ঠানের সংখ্যা যদি দুই অংকের হয় তবে সর্ববামের ঘরে শূন্য দিয়ে পূরণ করতে হবে। যেমন: মোট প্রতিষ্ঠানের সংখ্যা যদি ৮৭ হয় তাহলে    লিখতে হবে; যদি প্রাপ্ত সংখ্যা ৮ হয় তাহলে    লিখতে হবে; যদি কোন প্রতিষ্ঠানই না থাকে    লিখতে হবে।

#### RMO কোড:

এই কোডের ক্ষেত্রে প্রদত্ত বক্সে  পল্লী এলাকা-1, পৌরসভা-2, উপজেলা হেড কোয়ার্টার-3, ক্যান্টনমেন্ট-5, গ্রোথ সেন্টার-7 এবং সিটি করপোরেশন-9 লিখুন।

#### প্রতিষ্ঠানভিত্তিক সংখ্যা:

টালিশিটের এই অংশে প্রশ্নপত্রের ৫নং প্রশ্নের (ইউনিটের প্রধান অর্থনৈতিক কর্মকাণ্ডের প্রকার) মোট ২১ প্রকারের কোড হতে ভিন্ন ভিন্ন প্রতিষ্ঠানভিত্তিক সংখ্যা পূরণ করুন। এক্ষেত্রে তথ্য সংগ্রহ এলাকার সংগৃহীত তথ্যের সবগুলো পাতা গণনা করে ১ হতে ২১ পর্যন্ত বর্ণিত তিন অংকের সংখ্যা পূরণ করুন। সংখ্যাটি তিন অংক না হলে বামদিকে শূন্য দিয়ে খালি বক্স পূরণ করুন। নির্দিষ্ট কোন ধরনের প্রতিষ্ঠান না থাকলে    লিখুন।

#### শুমারিকর্মী ও তথ্য প্রক্রিয়াকর্মী:

শুমারিকর্মীর ক্ষেত্রে প্রযোজ্য ঘরে ইংরেজি বড় হাতের বর্ণে (Capital Letter)-এ তথ্যসংগ্রহকারী, সুপারভাইজার ও জোনাল অফিসারের পুরো নাম লিখতে হবে। প্রযোজ্য স্থানে সংশ্লিষ্ট সকলে গণনা বই যাচাই করে পরবর্তী উর্ধ্বতন শুমারিকর্মীর নিকট হস্তান্তরের পূর্বে স্বাক্ষর করতে হবে ও হস্তান্তরের তারিখ লিখতে হবে।

পরবর্তীতে তথ্য প্রক্রিয়াকর্মাগণের জন্য টালিশিটের নির্ধারিত স্থানে নাম, স্বাক্ষর ও হস্তান্তরের তারিখ পূরণ করতে হবে।

প্রত্যেকটি শুমারি বইয়ে দুটি টালিশিট রয়েছে। প্রথম শিটটি অত্যন্ত সাবধানতার সঙ্গে পূরণ করার পর গুণ্ণানুগুণ্ণভাবে যাচাই করে দ্বিতীয় টালি শিটটি অবিকল নকল করে পূরণ করুন। গণনাকারীর এলাকায় একের অধিকবই পূরণ করে থাকলে, অতিরিক্ত বইয়ের যোগফল প্রথম বইয়ের টালিশিটের সারসংক্ষেপে একীভূত/অন্তর্ভুক্ত করুন।

জোনাল অফিসার নিজ হাতে পূরণকৃত টালিশিটদ্বয়ের দ্বিতীয় টালিশিটটি যত্নসহকারে ছিঁড়ে নিয়ে জোনভিত্তিক টালিশিটসমূহ আলাদা খামে করে সংশ্লিষ্ট ডিসিসি'র নিকট জমা দেবেন। অর্থাৎ প্রথম টালিশিটটি বইয়ের সাথে থেকে যাবে। অতিরিক্ত বইয়ের টালিশিটের পরিচিতি অংশ ও শুমারিকর্মীদের পরিচিতি অংশ ছাড়া অন্য কোন কিছু পূরণ করতে হবে না। তথ্যসংগ্রহ এলাকার একাধিক বইয়ের ক্ষেত্রে প্রথম বইয়ের টালি শিটের হিসেবের মধ্যে অতিরিক্ত বইয়ের হিসেব একীভূত/অন্তর্ভুক্ত করতে হবে। অতিরিক্ত বইয়ের টালিশিট ছিঁড়তে হবে না/আলাদা করে জমা দিতে হবে না।





## 4.5: Field Manual



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

# ফিল্ড ম্যানুয়াল



# অর্থনৈতিক শুমারি ২০১৩



# বাংলাদেশ পরিসংখ্যান বুরো

পরিসংখ্যানভবন  
ই-২৭/এ আগারগাঁও  
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭  
ওয়েবসাইট: [www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd)



## সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
মুখবন্ধ	১৯০
১। উপক্রমণিকা	১৯১
২। আইনগত ভিত্তি	১৯১
৩। শুমারি সংগঠন	১৯১
৪। শুমারি কমিটি গঠন ও কমিটির কার্যপরিধি	১৯২
৫। শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন	২০০
৬। শুমারি কর্মীদের দায়িত্ব	২০১
৭। শুমারি কর্মীদের প্রশিক্ষণ পদ্ধতি	২০৫
৮। শুমারি প্রচারণা পদ্ধতি	২০৬
৯। শুমারি কর্মীদের ভাতা প্রদান পদ্ধতি	২০৬
১০। শুমারি মালামাল বস্তাবন্দিকরণ, বিতরণ ও জমাদান পদ্ধতি	২০৭
১১। শুমারি পঞ্জিকা	২০৯

## মুখবন্ধ

আগামী ৩১ মার্চ-৩১ মে ২০১৩ সময়ে দেশব্যাপী অর্থনৈতিক শুমারি ২০১৩ অনুষ্ঠিত হবে। এ শুমারিতে যে সকল ব্যক্তি মাঠ পর্যায়ে শুমারি কার্যক্রমের তত্ত্বাবধান এবং বাস্তবায়নে সক্রিয়ভাবে নিয়োজিত থাকবেন তাঁদের জন্য এ ম্যানুয়ালটি প্রণয়ন করা হয়েছে।

এ ম্যানুয়ালটিতে সিটি করপোরেশন, জেলা, উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে কিভাবে শুমারি কমিটি গঠন করা হবে এবং তাঁদের ওপর কী কী দায়িত্ব অর্পিত থাকবে তা সুনির্দিষ্টভাবে লিপিবদ্ধ করা হয়েছে। সিটি করপোরেশনের মেয়র/প্রশাসক, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার, পৌরসভার মেয়র/প্রশাসক ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান যথাক্রমে উক্ত কমিটিগুলোর সভাপতির দায়িত্ব পালন করবেন। সিটি করপোরেশনের ক্ষেত্রে প্রতিটি ওয়ার্ডে, ওয়ার্ডকাউন্সিলরকে সভাপতি করে ওয়ার্ড শুমারি কমিটি গঠন করতে হবে। এ ম্যানুয়ালটিতে সিটি করপোরেশন, জেলা, উপজেলা/থানা এবং জোন পর্যায়ে নিয়োজিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা এবং কর্মচারীগণের উপর অর্পিত সুনির্দিষ্ট দায়িত্বসমূহ লিপিবদ্ধ করা হয়েছে।

এ ম্যানুয়ালে স্থানীয়ভাবে নিয়োগপ্রাপ্ত গণনাকারী ও সুপারভাইজারদের দায়িত্ব সুস্পষ্টভাবে লিপিবদ্ধ করা হয়েছে। শুমারি কর্মকাণ্ড কখন কিভাবে বাস্তবায়ন করা হবে তার একটি পঞ্জিকা এ ম্যানুয়ালটিতে সংযোজন করা হয়েছে।

শুমারিকে সফল করার জন্য জনগণকে উদ্বুদ্ধকরণ এবং তাঁদের স্বতঃস্ফূর্ত সহযোগিতা একান্ত অপরিহার্য। সঠিক গণনাকারী ও সুপারভাইজার বাছাই এবং শুমারি চলাকালীন সময়ে গণসচেতনতা সৃষ্টির জন্য ব্যাপক প্রচার কার্যক্রম ছাড়াও জনপ্রতিনিধি, শুমারি কমিটি ও স্থানীয় পর্যায়ে নিয়োজিত সকল সরকারি ও বেসরকারি কর্মকর্তা/কর্মচারীগণের সক্রিয় অংশগ্রহণ একান্ত প্রয়োজন। শুমারি চলাকালীন সময়ে সকল ধর্মীয় প্রতিষ্ঠান হতে শুমারি অনুষ্ঠানে সার্বিক সহযোগিতা প্রদানের আহ্বান জানানো হলে শুমারি কভারেজ ও গুণগতমান বৃদ্ধি পাবে।

সকলের সার্বিক সহযোগিতায় অর্থনৈতিক শুমারি ২০১৩ সফল ও সার্থক হবে, এ আশাবাদ ব্যক্ত করছি।



গোলাম মোস্তফা কামাল

(অতিরিক্তি সচিব)

মহাপরিচালক

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

## উপক্রমণিকা

স্বাধীনতার পর বাংলাদেশের কৃষিনির্ভর অর্থনীতিতে দ্রুত পরিবর্তন হতে থাকে। কিন্তু এ বিষয়ে পর্যাপ্ত তথ্য না থাকায় কৃষি বহির্ভূত অর্থনৈতিক কার্যাবলী ও অক্ষম ব্যক্তিদের শুমারি শীর্ষক প্রকল্পের আওতায় সর্ব প্রথম ১৯৮৬ সালে সারাদেশে কৃষি বহির্ভূত অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়। জাতীয় অর্থনীতিতে দেশের উন্নয়ন, শিল্প কারখানা স্থাপন ও বাড়তি জনসংখ্যার কর্মসংস্থানের উপায় হিসেবে এসব অর্থনৈতিক কর্মকান্ডের গুরুত্ব অপরিসীম। বর্তমানে দেশের মোট জাতীয় আয়ের প্রায় শতকরা ৮০ ভাগ অর্জিত হয় অকৃষিজাত অর্থনৈতিক কর্মকান্ডের মাধ্যমে। পরিকল্পনা প্রণয়ন, ও জাতীয় হিসাব নির্ণয়ে কৃষি বহির্ভূত অর্থনৈতিক কর্মকান্ডের হালনাগাদ তথ্য প্রয়োজন। দেশের দ্বিতীয় অর্থনৈতিক শুমারি দুই পর্বে যথাক্রমে ২০০১ সালে শহর এলাকায় ও ২০০৩ সালে পল্লী এলাকায় অনুষ্ঠিত হয়। বাংলাদেশের ৩য় অর্থনৈতিক শুমারি ২০১৩ আগামী ৩১ মার্চ- ৩১ মে ২০১৩ সময়ে দেশব্যাপী অনুষ্ঠিত হবে।

সঠিকভাবে তথ্য সংগ্রহ ও প্রশ্নপত্র পূরণের জন্য গণনাকারীগণ প্রথম দিন ৫টি অর্থনৈতিক কর্মকান্ডসম্পন্ন খানা বা প্রতিষ্ঠানহতে তথ্য সংগ্রহের পর স্ব স্ব সুপারভাইজার/জোনাল অফিসারের নিকট তার পূরণকৃত প্রশ্নপত্রগুলি দেখাবেন। অতঃপর তার ছাড়পত্রসহ বাকি খানা/ প্রতিষ্ঠান সমূহ গণনার কাজ নির্ধারিত তারিখের মধ্যে সমাপ্ত করবেন। গণনার শেষ দিন তন্ন তন্ন করে খুঁজে কোন খানা/প্রতিষ্ঠান গণনা হতে বাদ পড়ে থাকলে তা গণনা করা হবে এবং কোন খানা / প্রতিষ্ঠান দু'বার গণনা করা হয়ে থাকলে একটি বাদ দেয়া হবে।

ফিল্ড ম্যানুয়ালটি শুমারিকর্মীগণ মাঠ পর্যায়ের কার্যক্রম পরিচালনার সময় হ্যান্ড বুক হিসাবে ব্যবহার করবেন।

### ২। আইনগত ভিত্তি

পরিসংখ্যান আইন ২০১৩ অনুযায়ী সরকার কর্তৃক নিয়োজিত শুমারি কর্মীগণকে তথ্য সরবরাহ করা সকল নাগরিকের কর্তব্য এবং অপর দিকে সরকার ব্যক্তিগত পর্যায়ের সব তথ্যের গোপনীয়তা রক্ষা করতে সকলকে নিশ্চয়তা প্রদান করেছে।

### ৩। শুমারি সংগঠন

অনুমোদিত প্রকল্পের বিধান অনুযায়ী নিম্নবর্ণিত ফাংশন্যাল অর্গানাইজেশন শুমারি কাজে সহযোগিতা করবে।

ফাংশন্যাল পদবি	অফিসিয়াল পদবি
(১) প্রধান শুমারি সমন্বয়কারী	সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
(২) জাতীয় সমন্বয়কারী	মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
(৩) অতিরিক্ত জাতীয় সমন্বয়কারী	যুগ্মসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
(৪) শুমারি জেলা সমন্বয়কারী	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ
(৫) উপজেলা/থানা শুমারি সমন্বয়কারী	উপজেলা/থানা পরিসংখ্যান কর্মকর্তা
(৬) জোনাল অফিসার	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির কর্মকর্তা ও কর্মচারী

এছাড়া, তথ্য সংগ্রহের জন্য স্থানীয় শিক্ষিত বেকার যুবক এবং যুব মহিলাদের মধ্য হতে প্রয়োজনীয় সংখ্যক গণনাকারী এবং সুপারভাইজার সাময়িকভাবে নিয়োগ করা হবে।

## ৪। শুমারি কমিটি গঠন ও কমিটির কার্যপরিধি:

শুমারির গণনাকাজ সুষ্ঠুভাবে পরিচালনা ও সম্পাদনে সর্বাঙ্গিক সহায়তা প্রদানের নিমিত্ত জাতীয় পর্যায়ে হতে শুরু করে সকল সিটি করপোরেশন (ওয়ার্ডসহ), জেলা, উপজেলা, পৌরসভা এবং ইউনিয়ন পর্যায়ে শুমারি কমিটি গঠন করা হয়েছে। এ কমিটিগুলো সিটি করপোরেশন, জেলা, উপজেলা, পৌরসভা, ইউনিয়ন পর্যায়ে যথাক্রমে সিটি করপোরেশনের মেয়র/প্রশাসক, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা, পৌরসভা মেয়র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। শুমারির কাজ সমাপ্ত হবার পরপরই কমিটিগুলো বিলুপ্ত হয়ে যাবে।

তাছাড়া, শুমারি অনুষ্ঠানে কারিগরি সহায়তা প্রদানের জন্য একটি টেকনিক্যাল কমিটি এবং শুমারি অনুষ্ঠানে বিভিন্ন মন্ত্রণালয়ের সহিত সমন্বয় সাধনের জন্য একটি আন্তঃমন্ত্রণালয় স্টিয়ারিং কমিটি গঠন করা হয়েছে।

### ৪.১ মাঠ পর্যায়ের শুমারি কমিটির গঠন:

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের স্মারক নং-৫২.০০৮.০১৪.০১.০১.৬৭৭.২০১১.৫৪, তারিখ: ২৪/০১/২০১৩ মোতাবেক স্থানীয় প্রশাসন এবং জনপ্রতিনিধিগণের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে শুমারি কার্যক্রম সমন্বয়, শুমারি কর্মীগণকে সহায়তা প্রদান এবং নির্ভুলভাবে শুমারি অনুষ্ঠান নিশ্চিত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশের আলোকে বিভিন্ন পর্যায়ে নিম্নরূপ শুমারি কমিটি গঠন করা হয়েছে।

### ১. সিটি করপোরেশন শুমারি কমিটি

১।	সিটি করপোরেশনের মেয়র/প্রশাসক	সভাপতি
২।	সকল সংসদ সদস্য	উপদেষ্টা
৩।	প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি করপোরেশন	সদস্য
৪।	সরকারি কলেজের অধ্যক্ষ- ১জন (সভাপতি মনোনীত)	সদস্য
৫।	গণসংযোগ কর্মকর্তা, সিটি করপোরেশন	সদস্য
৬।	পুলিশ কমিশনারের প্রতিনিধি	সদস্য
৭।	প্রতিনিধি, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি	সদস্য
৮।	সকল ওয়ার্ড কাউন্সিলর (পুরুষ ও মহিলা)	সদস্য
৯।	শুমারি জেলা সমন্বয়কারী, বিবিএস	সদস্য সচিব

### সিটি করপোরেশন কমিটির দায়িত্ব:

কমিটির সভাপতির নেতৃত্বে কমিটি নিম্নোক্ত দায়িত্ব পালন করবেন এবং শুমারি সমাপ্ত হওয়ার পর শুমারি সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার বিষয়ে প্রতিবেদন দাখিল করবেন।

### ক) প্রশাসনিক সহায়তা

১. সকল ওয়ার্ডে শুমারি কমিটি গঠনে সহায়তা প্রদান;
২. উপযুক্ত প্রশিক্ষণ কেন্দ্র ও শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপনের ব্যবস্থাকরণ;
৩. জোনাল অফিসার কর্তৃক গণনাকারী ও সুপারভাইজারদের বাছাই প্রক্রিয়ায় সহায়তা প্রদান।

### খ) তত্ত্বাবধানিক সহায়তা

১. শুমারি কার্যসূচি অনুযায়ী সুষ্ঠুভাবে শুমারি অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা চূড়ান্তকরণে সহায়তা প্রদান;
২. শুমারি অনুষ্ঠানের জন্য নিয়োগকৃত শুমারিকর্মীগণ যথাযথভাবে দায়িত্ব পালন করছেন কিনা তা পরীক্ষা করে দেখা;
৩. শুমারি নিয়ন্ত্রণ ও পূরণকৃত শুমারি প্রকল্পত্রের সম্পূর্ণ নিরাপত্তা বিধানে সহায়তা প্রদান।

### গ) প্রচারণায় সহায়তা

১. মাইক, ঢোল-সহরতের মাধ্যমে শুমারি প্রচারের সহায়তা প্রদান;
২. পোস্টার, ব্যানার, লিফলেট, লোগো ইত্যাদির মাধ্যমে প্রচারণায় সহায়তা প্রদান;
৩. বিভিন্ন সভা-সমিতিতে সঠিক তথ্য প্রদানের জন্য জনসাধারণকে আবেদন জানানো;
৪. সিনেমা হল ও ভ্যানে করে শুমারি চলচ্চিত্র ও স্লাইড প্রদর্শনের ব্যবস্থাকরণ।

### ঘ) কো-অপ্ট:

উপরিউক্ত কমিটি সদস্যগণের মতামত নিয়ে প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

### ২. জেলা শুমারি কমিটি

১।	জেলার সকল মাননীয় সংসদ সদস্য	উপদেষ্টা
২।	প্রশাসক, জেলা পরিষদ	উপদেষ্টা
৩।	জেলা প্রশাসক	সভাপতি
৪।	পুলিশ সুপার	সদস্য
৫।	সরকারি কলেজের অধ্যক্ষ	সদস্য
৬।	সিভিল সার্জন	সদস্য
৭।	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ	সদস্য
৮।	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সদস্য
৯।	উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল)	সদস্য
১০।	উপজেলা নির্বাহী অফিসার (সকল)	সদস্য
১১।	পৌরসভার মেয়র (সকল)	সদস্য
১২।	জেলা শিক্ষা কর্মকর্তা	সদস্য
১৩।	জেলা তথ্য কর্মকর্তা	সদস্য
১৪।	উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন	সদস্য
১৫।	জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি	সদস্য
১৬।	ডিজিএম/এজিএম, বিসিক	সদস্য
১৭।	সভাপতি, জেলা চেম্বার অব কমার্স	সদস্য
১৮।	বিভিন্ন বণিক/ব্যবসায়ী সমিতির সভাপতি	সদস্য
১৯।	সংশ্লিষ্ট শুমারি জেলা সমন্বয়কারী, বিবিএস	সদস্য-সচিব

### ৩. জেলা শুমারি কমিটি (পার্বত্য জেলাসমূহের জন্য)

১।	পার্বত্য জেলা সমূহের সকল মাননীয় সংসদ সদস্য	উপদেষ্টা
২।	জেলা পরিষদ চেয়ারম্যান	উপদেষ্টা
৩।	জেলা প্রশাসক	সভাপতি
৪।	পুলিশ সুপার	সদস্য
৫।	নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ	সদস্য
৬।	সরকারি কলেজের অধ্যক্ষ	সদস্য
৭।	সিভিল সার্জন	সদস্য
৮।	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সদস্য
৯।	উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল)	সদস্য
১০।	উপজেলা নির্বাহী অফিসার (সকল)	সদস্য
১১।	পৌরসভার মেয়র (সকল)	সদস্য
১২।	জেলা শিক্ষা কর্মকর্তা	সদস্য
১৩।	জেলা তথ্য কর্মকর্তা	সদস্য
১৪।	উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন	সদস্য
১৫।	জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি	সদস্য
১৬।	ডিজিএম/এজিএম, বিসিক	সদস্য
১৭।	সভাপতি, জেলা চেম্বার অব কমার্স	সদস্য
১৮।	বিভিন্ন বণিক/ব্যবসায়ী সমিতির সভাপতি	সদস্য
১৯।	সংশ্লিষ্ট শুমারি জেলা সমন্বয়কারী, বিবিএস	সদস্য-সচিব

#### জেলা শুমারি কমিটির দায়িত্ব:

কমিটির সভাপতির নেতৃত্বে কমিটি নিয়োক্ত দায়িত্ব পালন করবেন এবং শুমারি সমাপ্ত হওয়ার পর শুমারি সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার বিষয়ে প্রতিবেদন দাখিল করবেন।

#### ক) প্রশাসনিক সহায়তা

১. সকল উপজেলা/থানা ও পৌরসভা পর্যায়ে শুমারি কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা, পৌরসভা চেয়ারম্যান ও ইউনিয়ন চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদান করা;
২. জেলা, উপজেলা/থানা ও পৌরসভা পর্যায়ে সকল সরকারি কর্মকর্তা/কর্মচারীগণকে শুমারি কাজে সক্রিয় অংশগ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা;
৩. জেলার সর্বস্তরে শুমারি কাজ সম্পাদনের জন্য অন্যান্য প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা;
৪. জেলায় শুমারি কাজ নিয়ন্ত্রণের জন্য জেলা শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন করা;
৫. জেলার বিভিন্ন কর্মকর্তাগণের মধ্যে নিরপেক্ষভাবে শুমারি তদারকির দায়িত্ব প্রদানের ব্যবস্থা করা;

#### খ) তত্ত্বাবধানিক সহায়তা

১. জেলা,উপজেলা/থানা, পৌরসভা, ইউনিয়ন পর্যায়ে শুমারি গ্রহণের জন্য যে সকল প্রস্তুতিমূলক ব্যবস্থা নেয়া হয়েছে তা সরেজমিনে পরীক্ষা ও যাচাই করা;
২. জেলায় শুমারি অনুষ্ঠানের জন্য নিয়োগকৃত শুমারিকর্মীগণ যথাযথভাবে দায়িত্ব পালন করছেন কিনা তা পরীক্ষা করে দেখা;
৩. জেলায় শুমারি অনুষ্ঠানের জন্য প্রেরিত প্রশ্নপত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র বিতরণ নিশ্চিত করা;
৪. গণনাকালে সরেজমিনে শুমারি কর্মীগণের গণনা কাজ পরিদর্শন করা; এবং
৫. গণনা কাজ সমাপ্তির পর সংগৃহীত পূরণকৃত প্রশ্নপত্র ও অন্যান্য কাগজপত্র বিবিএস হেড অফিসে প্রেরণ নিশ্চিত করা।

#### গ) প্রচারণায় সহায়তা

১. জেলার সর্বস্তরে শুমারি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া;
২. শুমারি প্রচারণার নিমিত্তে প্রেরিত সকল প্রচারপত্র জেলার সর্বস্তরে বিতরণ কাজে সহযোগিতা করা;
৩. শুমারি প্রচারণার জন্য সরবরাহকৃত চলচ্চিত্র ও স্লাইড জেলার সকল সিনেমা হলে ও প্রচার ভ্যানের সাহায্যে জেলার জনবহুল/জনসমাগম কেন্দ্রে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
৪. মাইক ও ঢোল-সহরতের মাধ্যমে জেলার সকল হাট-বাজার, শহর-বন্দর ও জনসাধারণের নিকট শুমারি অনুষ্ঠানের সংবাদ পৌঁছানোর কাজ নিশ্চিত করা এবং
৫. সকল ধর্মীয় ও সামাজিক সমাবেশে শুমারিতে অংশগ্রহণের জন্য আহ্বান জানানোর ব্যবস্থা নেয়া।

#### ঘ) কো-অপ্ট

উপরিউক্ত কমিটি সদস্যগণের মতামত নিয়ে প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

#### ৪. উপজেলা শুমারি কমিটি

১	উপজেলা চেয়ারম্যান	উপদেষ্টা
২	উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি
৩	উপজেলা কৃষি কর্মকর্তা	সদস্য
৪	উপজেলা শিক্ষা কর্মকর্তা	সদস্য
৫	থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা	সদস্য
৬	উপজেলা কমান্ডার, আনসার ও ভিডিপি	সদস্য
৭	সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান	সদস্য
৮	উপজেলা, বণিক/ব্যবসায়ী সমিতির সভাপতি/সেক্রেটারি	সদস্য
৯	সকল জোনাল অফিসার, বিবিএস	সদস্য
১০	উপজেলা শুমারি সমন্বয়কারী, বিবিএস	সদস্য সচিব

### উপজেলা শুমারি কমিটির দায়িত্ব:

কমিটির সভাপতির নেতৃত্বে কমিটি নিম্নোক্ত দায়িত্ব পালন করবেন এবং শুমারি সমাপ্ত হওয়ার পর শুমারি সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার বিষয়ে প্রতিবেদন দাখিল করবেন।

#### ক) প্রশাসনিক সহায়তা

১. সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক শুমারি কমিটি গঠন নিশ্চিত করা;
২. জোনাল অফিসার কর্তৃক স্থানীয় শিক্ষিত বেকার যুবক ও যুব মহিলাদের মধ্য হতে গণনাকারী ও সুপারভাইজার বাছাইয়ে সহায়তা প্রদান;
৩. উপজেলা শুমারি কাজ নিয়ন্ত্রণের জন্য উপজেলা শুমারি নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করা;
৪. প্রশিক্ষণ প্রদানের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে প্রশিক্ষণ কেন্দ্রের ব্যবস্থা করা।

#### খ) তত্ত্বাবধানিক সহায়তা

১. শুমারি অনুষ্ঠানের জন্য গৃহীত সকল ব্যবস্থা পরীক্ষা করে চূড়ান্ত করা;
২. সুপারভাইজার ও গণনাকারীদের নিয়োগের পর প্রয়োজনীয় ফিল্ড চেক করা;
৩. গণনাকারী ও সুপারভাইজারদের প্রশিক্ষণের ব্যবস্থা পরীক্ষা করা;
৪. নিয়োগকৃত শুমারিকর্মীগণ যথাযথভাবে দায়িত্ব পালন করছেন কিনা তা পরীক্ষা করে দেখা;
৫. গণনা কাজ শেষে গণনার জন্য প্রেরিত শুমারি প্রশ্নপত্র ও অন্যান্য দ্রব্য সামগ্রী সুপারভাইজার ও গণনাকারীদের নিকট হতে সংগ্রহ নিশ্চিত করা;
৬. সংগৃহীত শুমারি মালপত্র জেলা সদরে অবস্থিত নিয়ন্ত্রণ কেন্দ্রে প্রেরণ নিশ্চিত করা।

#### গ) প্রচারণায় সহায়তা

১. স্থানীয় সিনেমা হলে শুমারি চলচ্চিত্র ও স্লাইড প্রদর্শনের ব্যবস্থা নেয়া;
২. মাইক ও ঢোল-সহরতের মাধ্যমে শুমারি সংবাদ সর্বত্র জানানোর ব্যবস্থা করা;
৩. প্রেরিত প্রচারপত্র, পোস্টার, লিফলেট ইত্যাদি সর্বত্র পৌঁছানোর ব্যবস্থা নেয়া।

#### ঘ) কো-অপ্ট

উপরিউক্ত কমিটি সদস্যগণের মতামত নিয়ে প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

#### ৫. পৌরসভা শুমারি কমিটি

১	সংসদ সদস্য	উপদেষ্টা
২	পৌরসভা মেয়র/ প্রশাসক	সভাপতি
৩	কলেজের অধ্যক্ষ-১ (সভাপতি মনোনীত)	সদস্য
৪	সকল ওয়ার্ড কাউন্সিলর (পুরুষ ও মহিলা)	সদস্য
৫	পৌরসভার বণিক/ব্যবসায়ী সমিতির সভাপতি/ সেক্রেটারি	সদস্য
৬	মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক	সদস্য
৭	জোনাল অফিসার, বিবিএস	সদস্য
৮	উপজেলা শুমারি সমন্বয়কারী, বিবিএস	সদস্য-সচিব

### পৌরসভা শুমারি কমিটির দায়িত্ব:

কমিটির সভাপতির নেতৃত্বে কমিটি নিম্নোক্ত দায়িত্ব পালন করবেন এবং শুমারি সমাপ্ত হওয়ার পর শুমারি সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার বিষয়ে প্রতিবেদন দাখিল করবেন।

#### ক) প্রশাসনিক সহায়তা

১. শুমারি অনুষ্ঠানের জন্য এলাকাভিত্তিক শুমারি সুপারভাইজার ও গণনাকারী বাছাইয়ে জোনাল অফিসারগণকে প্রয়োজনীয় সাহায্য ও সহযোগিতা করা;
২. গণনাকারী ও সুপারভাইজারগণের প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ কেন্দ্র বাছাই করতে জোনাল অফিসারগণকে সাহায্য করা;
৩. শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন করা;
৪. অকৃষিমূলক অর্থনৈতিক কর্মকাণ্ড সম্পন্ন কোন খানা এবং প্রতিষ্ঠান গণনা হতে বাদ না পড়া এবং কোন ইউনিট একাধিকবার গণনাভুক্ত না হওয়া নিশ্চিত করা;

#### খ) তত্ত্বাবধানিক সহায়তা

১. শুমারি কার্যসূচি অনুযায়ী সুষ্ঠুভাবে শুমারি অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা চূড়ান্তকরণে সহায়তা প্রদান;
২. গণনাকারী ও সুপারভাইজারদের বিভিন্ন স্থানে নিয়োজিত করার সহায়তা প্রদান;
৩. নিয়োগকৃত শুমারিকর্মীগণ যথাযথভাবে দায়িত্ব পালন করছেন কিনা তা পরীক্ষা করে দেখা;
৪. শুমারি নিয়ন্ত্রণ ও পূরণকৃত শুমারি প্রশ্নপত্রের সম্পূর্ণ নিরাপত্তা বিধানে সহায়তা প্রদান।

#### গ) প্রচারণায় সহায়তা

১. মাইক, টেল-সহরতের মাধ্যমে শুমারি প্রচারের সহায়তা প্রদান;
২. পোস্টার, ব্যানার, লিফলেট, লোগো ইত্যাদির মাধ্যমে প্রচারণায় সহায়তা প্রদান;
৩. বিভিন্ন সভা-সমিতিতে সঠিক তথ্য প্রদানের জন্য জনসাধারণকে উদ্বুদ্ধকরণ;
৪. সিনেমা হল ও ভ্যানে করে শুমারি চলচ্চিত্র ও স্লাইড প্রদর্শনের ব্যবস্থাকরণ।

#### ঘ) কো-অপ্ট

উপরিউক্ত কমিটি সদস্যগণের মতামত নিয়ে প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

#### ৬. ইউনিয়ন শুমারি কমিটি

১	ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান	সভাপতি
২	স্থানীয় মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক	সদস্য
৩	স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক	সদস্য
৪	হেডম্যান (পার্বত্য জেলাসমূহের জন্য)	সদস্য
৫	ইউনিয়ন পরিষদের সকল সদস্য (পুরুষ ও মহিলা)	সদস্য
৬	ইউনিয়ন পরিষদের সচিব	সদস্য
৭	সভাপতি/ সেক্রেটারি, বাজার কমিটি	সদস্য
৮	জোনাল অফিসার, বিবিএস	সদস্য-সচিব

### ইউনিয়ন শুমারি কমিটির দায়িত্ব:

কমিটির সভাপতির নেতৃত্বে কমিটি নিম্নোক্ত দায়িত্ব পালন করবেন এবং শুমারি সমাপ্ত হওয়ার পর শুমারি সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার বিষয়ে প্রতিবেদন দাখিল করবেন।

#### ক) প্রশাসনিক সহায়তা

১. শুমারি অনুষ্ঠানের জন্য এলাকাভিত্তিক শুমারি সুপারভাইজার ও গণনাকারী বাছাইয়ে জোনাল অফিসারগণকে প্রয়োজনীয় সাহায্য ও সহযোগিতা করা;
২. গণনাকারী ও সুপারভাইজারগণের প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ কেন্দ্র বাছাই করতে জোনাল অফিসারগণকে সাহায্য করা;
৩. ইউনিয়ন শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন করা;
৪. ইউনিয়নের অর্থনৈতিক কর্মকাণ্ড সম্পন্ন কোন খানা এবং প্রতিষ্ঠান গণনা হতে বাদ না পড়া এবং কোন ইউনিট একাধিকবার গণনাভুক্ত না হওয়া নিশ্চিত করা;

#### খ) তত্ত্বাবধানিক সহায়তা

১. গণনাকালে ইউনিয়ন গণনাকাজ সরেজমিনে পরিদর্শন করা এবং গণনাকারী কোন অসুবিধার সম্মুখীন হলে তা জরুরিভিত্তিতে সমাধান করা;
২. ইউনিয়ন নিয়ন্ত্রণ কক্ষে রক্ষিত রিজার্ভ শুমারি প্রশ্নপত্র ও অন্যান্য দ্রব্য সামগ্রী প্রয়োজন অনুযায়ী গণনাকারীদেরকে সরবরাহ নিশ্চিত করা;
৩. নিয়োগকৃত শুমারিকর্মীগণ যথাযথভাবে দায়িত্ব পালন করছেন কিনা তা পরীক্ষা করে দেখা;
৪. গণনা শেষে ইউনিয়নের গণনাকারীদের নিকট হতে শুমারি প্রশ্নপত্র ও অন্যান্য কাগজপত্র সংগ্রহ করতে জোনাল অফিসার সর্বাত্মক সাহায্য ও সহযোগিতা করা।

#### গ) প্রচারণায় সহায়তা

১. ইউনিয়ন সকল গুরুত্বপূর্ণ স্থানে প্রচারপত্র লাগানো;
২. মাইক এবং ঢোল সহরতের মাধ্যমে ইউনিয়নে সকল এলাকায় শুমারি অনুষ্ঠানের সংবাদপৌছানোর ব্যবস্থা নেয়া।
৩. মসজিদ ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান হতে শুমারি সংক্রান্ত প্রচারে সহায়তা প্রদান।

#### ঘ) কো-অপ্ট

উপরিউক্ত কমিটি সদস্যগণের মতামত নিয়ে প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

## ৭. ওয়ার্ড শুমারি কমিটি (শুধু সিটি করপোরেশনের জন্য)

১	ওয়ার্ড কাউন্সিলর	সভাপতি
২	মহিলা ওয়ার্ড কাউন্সিলর	সদস্য
৩	ওয়ার্ডভুক্ত মাধ্যমিক/প্রাথমিকবিদ্যালয়/মাদ্রাসার প্রধান শিক্ষক/ প্রিন্সিপাল	সদস্য
৪	ওয়ার্ড সেক্রেটারি	সদস্য
৫	ওয়ার্ডের আওতাধীন বিভিন্ন মার্কেট সমিতির সভাপতি/সেক্রেটারি	সদস্য
৬	জোনাল অফিসার, বিবিএস	সদস্য-সচিব

### ওয়ার্ড শুমারি কমিটির দায়িত্ব:

কমিটির সভাপতির নেতৃত্বে কমিটি নিম্নোক্ত দায়িত্ব পালন করবেন এবং শুমারি সমাপ্ত হওয়ার পর শুমারি সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার বিষয়ে প্রতিবেদন দাখিল করবেন।

### ক) প্রশাসনিক সহায়তা

১. শুমারি অনুষ্ঠানের জন্য এলাকাভিত্তিক সুপারভাইজার ও গণনাকারীবাছাইয়ে জোনাল অফিসারকে প্রয়োজনীয় সাহায্য ও সহযোগিতা করা;
২. গণনাকারীদের প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ কেন্দ্র বাছাই করতে জোনাল অফিসারগণকে সাহায্য করা;
৩. ওয়ার্ড শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন করা;
৪. ওয়ার্ডের অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন কোন খানা এবং প্রতিষ্ঠান গণনা হতে বাদ না পড়া এবং কোন ইউনিট একাধিকবার গণনাভুক্ত না হওয়া নিশ্চিত করা;

### খ) তত্ত্বাবধানিক সহায়তা

১. গণনাকালে ওয়ার্ডে গণনাকাজ সরেজমিনে পরিদর্শন করা এবং গণনাকারী কোন অসুবিধার সম্মুখীন হলে তা জরুরি ভিত্তিতে সমাধান করা;
২. ওয়ার্ড নিয়ন্ত্রণ কক্ষে রক্ষিত রিজার্ভ শুমারি প্রশ্নপত্র ও অন্যান্য দ্রব্য সামগ্রী প্রয়োজন অনুযায়ী গণনাকারীদেরকে সরবরাহ নিশ্চিত করা;
৩. নিয়োগকৃত শুমারিকর্মীগণ যথাযথভাবে দায়িত্ব পালন করছেন কিনা তা পরীক্ষা করে দেখা;
৪. গণনা শেষে ওয়ার্ডের সকল গণনাকারীদের নিকট হতে শুমারি প্রশ্নপত্র ও অন্যান্য কাগজপত্র সংগ্রহ করতে জোনাল অফিসারগণকে সাহায্য ও সহযোগিতা করা।

### গ) প্রচারণায় সহায়তা

১. ওয়ার্ডের সকল গুরুত্বপূর্ণ স্থানে প্রচারপত্রলাগানো;
২. মাইক এবং ঢোল-সহরতের মাধ্যমে ওয়ার্ডের সর্বত্র শুমারি সংবাদ পৌঁছানোর ব্যবস্থা নেয়া।
৬. মসজিদ ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান হতে শুমারি সংক্রান্ত প্রচারে সহায়তা প্রদান।

### ঘ) কো-অপ্ট

উপরিউক্ত কমিটি সদস্যগণের মতামত নিয়ে প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

### ৫। শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন

#### ক) জাতীয় শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র

শুমারি চলাকালীন সময়ে মহাপরিচালকের নিয়ন্ত্রণাধীনে পরিচালক, সেন্সাস উইং এবং প্রকল্প পরিচালকের বিশেষ তত্ত্বাবধানে পরিসংখ্যান ভবনে জাতীয় শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র খোলা থাকবে। নিম্নবর্ণিত টেলিফোনে যোগাযোগ করতে হবে- ফোন: ৯১১৫৪৯৫, ৯১১৬৩৭৮, ৮১২৯১৫০। জাতীয় শুমারি নিয়ন্ত্রণ কম্বলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সরাসরি সিটি করপোরেশন, জেলা, উপজেলা, পৌরসভা এবং ইউনিয়ন শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্রগুলোর সঙ্গে প্রয়োজনীয় তথ্য আদান প্রদান করবেন। তথ্য সংগ্রহ এলাকায় কোন প্রকার সমস্যা দেখা দিলে তার সমাধান জাতীয় শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্রের মাধ্যমে জানিয়ে দেয়া হবে। এ নিয়ন্ত্রণ কেন্দ্রের মাধ্যমে শুমারির জন্য যে সকল তথ্য ও নির্দেশ আদান প্রদান করা হবে তা ঐ কেন্দ্রের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণ নির্দিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করবেন।

#### খ) মাঠ পর্যায়ে শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র

সকল জেলা, উপজেলা, সিটি করপোরেশন (ওয়ার্ডসহ), পৌরসভা, ইউনিয়ন শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন করতে হবে। এ সকল নিয়ন্ত্রণ কেন্দ্রগুলো নিম্নলিখিত দায়িত্ব পালন করবে:

১. শুমারির সময় অর্থাৎ তথ্য সংগ্রহ কাজ চলাকালীন সময়ে খোলা থাকবে এবং মাঠ পর্যায়ে সকল শুমারিকর্মীদের সঙ্গে সার্বিক যোগাযোগ রক্ষা করে প্রয়োজনীয় নির্দেশ প্রদান করবে।
২. শুমারি কাজের সার্বিক অগ্রগতি সম্পর্কে জেলা, উপজেলা, সিটি করপোরেশন ও পৌরসভা নিয়ন্ত্রণ কেন্দ্রের সাথে সর্বদা যোগাযোগ রক্ষা করবে।
৩. শুমারি সম্পর্কে যে তথ্য আদানপ্রদান করা হবে তা নির্দিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করবে।
৪. জেলা, উপজেলা ও পৌরসভা পর্যায়ে শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্রগুলো বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাগণ সংশ্লিষ্ট অফিসের সহায়তায় পরিচালনা করবেন।

## ৬। শুমারি কর্মীদের দায়িত্ব

### ক) শুমারি জেলা সমন্বয়কারীর দায়িত্ব

১. নির্ধারিত জেলায় সুষ্ঠুভাবে শুমারি অনুষ্ঠানে সার্বিক দায়িত্ব পালন করা;
২. জেলা শুমারি কমিটিকে শুমারি কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ ও সমন্বয় সাধন;
৩. জেলা পর্যায়ে জোনাল অফিসারদের ফলপ্রসূ প্রশিক্ষণ প্রদান এবং জোন পর্যায়ে সুপারভাইজার ও গণনাকারীদের প্রশিক্ষণ প্রদান নিশ্চিতকরণ;
৪. জেলার অধীনস্থ সকল উপজেলা/জোনের জন্য প্রেরিত শুমারি প্রশ্নপত্রসহ অন্যান্য মালপত্র যথাযথভাবে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণ কেন্দ্রে পৌঁছেছে কিনা তা তদারক করা;
৫. জেলা শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্রের কাজ তদারক করা;
৬. ডিসিসিগণ তাঁর অধীনস্থ প্রতিটি জোনের কমপক্ষে দু'জন তথ্যসংগ্রহকারীর কাজ সরেজমিনে যাচাই করবেন এবং পরীক্ষিত শুমারি বইয়ের কভার পৃষ্ঠায় পূর্ণ নামসহ স্বাক্ষর প্রদান করবেন;
৭. জাতীয় নিয়ন্ত্রণ কেন্দ্র থেকে শুমারি মালামাল বুঝে নেয়া এবং গণনা শেষে সংগৃহীত মালপত্র জাতীয় নিয়ন্ত্রণ কেন্দ্রে প্রেরণ নিশ্চিতকরণ;
৮. সংরক্ষিত এলাকায় বিশেষ ব্যবস্থাপনায় শুমারি অনুষ্ঠান;
৯. জেলার সারসংক্ষেপ ফরম পূরণ করা; এবং
১০. গণনা শেষে জোনাল অফিসারগণের নিকট শুমারি চেক হস্তান্তর এবং শুমারিকর্মীগণের যথাযথভাবে চেক প্রাপ্তি নিশ্চিতকরণ।

### খ) উপজেলা শুমারি সমন্বয়কারীর দায়িত্ব

শুমারি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রতিটি উপজেলার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে উপজেলা শুমারি সমন্বয়কারী হিসেবে নিয়োজিত করা হয়েছে। উপরন্তু তাঁরা নিজ নিজ উপজেলা হেড কোয়ার্টারে অবস্থিত জোনে জোনাল অফিসারের দায়িত্বও পালন করবেন। উপজেলা সমন্বয়কারী হিসেবে তিনি নিম্নবর্ণিত অতিরিক্ত দায়িত্বগুলো পালন করবেন:

১. উপজেলা শুমারি কমিটি গঠন;
২. উপজেলা শুমারি নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন এবং অন্যান্য জোনাল অফিসারগণের সাথে যোগাযোগ রক্ষা ও সমন্বয়সাধন করা।
৩. জোনাল অফিসারদের মধ্যে শুমারি মালপত্র বিতরণ নিশ্চিতকরণ;
৪. সঠিক গণনাকারী ও সুপারভাইজার বাছাই কাজে সহায়তা করা;
৫. পূরণকৃত শুমারি বই সংগ্রহ ও শুমারি চেক বিতরণ;
৬. শুমারি বইয়ের নিরাপত্তা বিধান করা, এবং
৭. উপজেলা সারসংক্ষেপ ফরম পূরণ করা।

### গ) জোনাল অফিসারের দায়িত্ব

দেশের বিভিন্ন উপজেলা/থানার অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা ও প্রতিষ্ঠানের সংখ্যা এক রকম নয়। তাই শুমারির প্রশাসনিক ও তত্ত্বাবধান কাজের সুবিধার জন্য প্রত্যেকটি উপজেলাকে (পৌর এলাকাসহ) অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা ও প্রতিষ্ঠানের সংখ্যা এবং আয়তনের দিক বিবেচনা করে একাধিক জোনে বিভক্ত করা হয়েছে। জোনাল অফিসারগণ যে সমস্ত নির্দিষ্ট দায়িত্ব পালন করবেন তা নিম্নে বর্ণনা করা হলো:

### প্রাক শুমারি দায়িত্ব

- (১) উপযুক্ত সুপারভাইজার ও গণনাকারীদের তালিকা প্রণয়ন ও নিয়োগ প্রদান করা;
- (২) জোনের গঠন নির্ধারণ করা;
- (৩) ইউনিয়ন শুমারি কমিটি গঠন ও শুমারি পরিচিতি সভা আহ্বান;
- (৪) প্রশিক্ষণ কেন্দ্র বাছাই এবং শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন করা;
- (৫) শুমারি অনুষ্ঠানের সময় এলাকার গণ্যমান্য ব্যক্তিদের সহযোগিতা নেয়া।

### শুমারিকালীন দায়িত্ব

১. জেলা সদরে প্রশিক্ষণ গ্রহণ এবং শুমারি মালপত্র গ্রহণ;
২. স্থানীয় প্রশিক্ষণ কেন্দ্রে গণনাকারী ও সুপারভাইজারদের প্রশিক্ষণ প্রদান এবং শুমারি মালামাল বিতরণ;
৩. শুমারির প্রথম দিন সুপারভাইজারদের সহায়তায় গণনাকারীদের প্রথম ৫টি অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা/প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহের পরপ্রশ্নপত্র পূরণের সঠিকতা ও গুণগতমান পরীক্ষা করে ভুলত্রান্তি সংশোধন করার নিয়ম দেখিয়ে দেয়া এবং বাকি খানা/প্রতিষ্ঠানের গণনার ছাড়পত্র প্রদান;
৪. ইউনিয়ন / ওয়ার্ড (সিটি করপোরেশনের ক্ষেত্রে, নিয়ন্ত্রণ কেন্দ্র তদারক করা এবং তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারদের কোন সমস্যার খবর পেলে তার সমাধান প্রদান এবং সুপারভাইজার ভিত্তিক গণনাকারীদের পর্যায়ক্রমে সমবেত করে শুমারি তথ্যের মান যাচাই এবং নমুনা ভিত্তিক পুনঃসাক্ষাতকার গ্রহণ এবং বইয়ের প্রশ্নপত্র পূরণে মারাত্মক ভুলত্রান্তি পেলে পুনঃতথ্য সংগ্রহের ব্যবস্থা গ্রহণ।
৫. সুপারভাইজারের সহায়তায় তন্ন তন্ন করে খোঁজ করে কোন অকৃষিমূলক অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্নখানা/প্রতিষ্ঠান বাদ পড়েছে কিনা অথবা দুবার তথ্য সংগ্রহ করা হয়েছে কিনা সরেজমিনে দেখা এবং প্রয়োজনে সংশোধন করা।

### গণনা কাজ শেষ হওয়ার পরের দায়িত্ব

১. সুপারভাইজারের সহায়তায় শুমারি বইয়ের পূরণকৃত প্রশ্নগুলোর উত্তরের চেক বক্সে সঠিকভাবে ক্রস  দিয়েছে কিনা সঠিকভাবে উত্তর লিখেছে কিনা এবং ক্রস ঘন কালো করা হয়েছে কিনা তা নিশ্চিত করা এবং সঠিকভাবে টালিশিট পূরণে সহায়তা করা। কোন ভুলত্রান্তি পেলে গণনাকারী ও সুপারভাইজারের মাধ্যমে সংশোধনের ব্যবস্থা নেয়া;

২. উপজেলা হেড কোয়ার্টারে পুঞ্জানুপুঞ্জ পরীক্ষা-নিরীক্ষা করে গণনাকারী ও সুপারভাইজারের নিকট হতে শুমারি বই ও অন্যান্য মালামাল গ্রহণ এবং শুমারি ভাতা প্রদান;
৩. প্রতিটি গণনা এলাকার শুমারি বইয়ের পূরণকৃত টালিশিটের এক কপি ছিঁড়ে আলাদা খামে ডিসিসি'র নিকট জমাদান;
৪. জোনের সারসংক্ষেপ পূরণ এবং শুমারি দিনপঞ্জি অনুযায়ী জেলা সদরে পূরণকৃত শুমারি মালামাল জমা দেয়া।

#### ঘ) সুপারভাইজারের দায়িত্ব

শুমারি কাজে যে সকল তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগ করা হবে তাঁদের দায়িত্ব অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রত্যেক সুপারভাইজার নিম্নের দায়িত্বগুলো সুষ্ঠুভাবে পালন করবেন:

#### গণনা কাজ চলাকালীন দায়িত্ব

১. প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণসূচি অনুযায়ী স্ব-স্ব গণনাকারীসহ প্রশিক্ষণ গ্রহণ;
২. তথ্যসংগ্রহকারী কাজ শুরু করার পর প্রথম ৫টি অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা/প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহ কাজ পরীক্ষা করে দেখা এবং কাজ নির্ভুল হলে একই নিয়মে বাকি কাজ সম্পন্ন করার ছাড়পত্র প্রদান করা, আর ভুল হলে শুদ্ধ করে গণনা কাজ করার পদ্ধতি শিখিয়ে দেয়া। সুপারভাইজারগণ বিশেষভাবে খেয়াল রাখবেন যেন তথ্যসংগ্রহকারী তাঁর এলাকার প্রতিটি অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানায় বা প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে প্রধান ব্যক্তি অথবা দায়িত্বশীল ব্যক্তির (তথ্য প্রদানে সমর্থ, কাছ থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে প্রশ্নপত্র পূরণ করা);
৩. প্রতিদিন তাঁর অধীনস্থ প্রত্যেক তথ্যসংগ্রহকারীর গণনাকৃত ৫টি করে খানা/প্রতিষ্ঠান পরীক্ষা করে দেখা। ভুলভ্রান্তি পেলে তা সংশোধনের পদ্ধতি গণনাকারীকে দেখিয়ে দেয়া;
৪. কোন তথ্যসংগ্রহকারীর অতিরিক্ত প্রশ্নপত্র লাগলে তা দ্রুত নিজের কাছে অথবা ইউনিয়ন/ওয়ার্ডের নিয়ন্ত্রণ কেন্দ্রে রক্ষিত রিজার্ভ প্রশ্নপত্র হতে সরবরাহ করা;
৫. নির্ধারিত সময়ে তথ্য সংগ্রহ কাজ সমাপ্ত করার জন্য তথ্যসংগ্রহকারীকে বারবার তাগিদ প্রদান করা;
৬. কোন অকৃষিমূলক অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা বা প্রতিষ্ঠান কোন অবস্থাতেই যেন গণনা হতে বাদ না পড়ে এবং কোন খানা বা প্রতিষ্ঠান দুবার গণনার অন্তর্ভুক্ত না হয় তার প্রতি বিশেষ খেয়াল রাখা।

#### তথ্য সংগ্রহ কাজ শেষ হওয়ার পরের দায়িত্ব

১. পূরণকৃত প্রশ্নপত্র, অব্যবহৃত পেনসিলের অংশ এবং পূরণকৃত ও অপূরণকৃত বই তথ্যসংগ্রহকারীর কাছ থেকে বুঝে নেয়া;
২. সকল প্রশ্নপত্র সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা পরীক্ষা করে দেখা;
৩. টালিশিট পূরণে গণনাকারীকে সহায়তা করা এবং টালিশিট সঠিকভাবে পূরণ হয়েছে কিনা পরীক্ষা করে দেখা;

৪. সুপারভাইজার সারসংক্ষেপ ফরম পূরণ করা এবং কাগজপত্র জমাদানের জন্য সকল তথ্যসংগ্রহকারী, সুপারভাইজার ও ইউনিয়ন/ওয়ার্ড সেক্রেটারিকে একত্রে নিয়ে উপজেলা/জোনের নিয়ন্ত্রণ কেন্দ্রে আসা এবং নির্ধারিত তারিখে জোনাল অফিসারের নিকট কাগজপত্র জমা দিয়ে এবং শুমারি ভাতা গ্রহণ করা;

### ঙ) গণনাকারীর দায়িত্ব

তথ্যসংগ্রহকারীদের সঠিক তথ্য সংগ্রহের উপর নির্ভর করছে শুমারির সাফল্য। এ কাজকে নির্ভুল ও সুশৃঙ্খলভাবে সম্পন্ন করতে তথ্যসংগ্রহকারীগণকে যে সকল দায়িত্ব পালন করতে হবে তা নিম্নে দেয়া হলো:

১. সুপারভাইজারদের মাধ্যমে ম্যাপের সাহায্যে সরেজমিনে নিজ নিজ তথ্য সংগ্রহ এলাকার সীমানা পার্শ্ববর্তী তথ্যসংগ্রহকারীর উপস্থিতিতে বুঝে নেয়া;
২. নির্ধারিত সময়সূচি অনুযায়ী জোনের প্রশিক্ষণ কেন্দ্রে সুপারভাইজারের সাথে দুই দিন প্রশিক্ষণ গ্রহণ করা;
৩. প্রশিক্ষণ চলাকালে অত্যন্ত মনোযোগী হওয়া এবং শুমারি সংক্রান্ত সকল বিষয় বুঝে নেয়া ও নির্দেশাবলি পুঞ্জানুপুঞ্জরূপে পালন করা;
৪. প্রশিক্ষণ গ্রহণের পর শুমারির তথ্য সংগ্রহ করার জন্য নিজ নিজ এলাকার প্রশ্নপত্র বই ও অন্যান্য দ্রব্যাদি জোনাল অফিসারের নিকট হতে বুঝে নেয়া;
৫. গণনা এলাকার উত্তর-পশ্চিম কোণ থেকে কাজ শুরু করা ও সর্পিল পদ্ধতি অনুসরণ করে ডান দিকের খানা/প্রতিষ্ঠানহতে তথ্য সংগ্রহ করা;
৬. এলাকার প্রতিটি অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা ও প্রতিষ্ঠানহতে তথ্য সংগ্রহ করা। এলাকার কোন অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা ও প্রতিষ্ঠানযেন বাদ না পড়ে অথবা একই অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা ও প্রতিষ্ঠানকে একাধিকবার গণনা করা না হয় সে দিকে বিশেষ দৃষ্টি রাখা;
৭. শুমারি বই এ দেয়া নির্দেশাবলির সাহায্যে নিজ নিজ সুপারভাইজারের সাথে পর্যালোচনার মাধ্যমে শুমারির গণনা কাজ সম্পর্কে সম্যক ধারণা গ্রহণ করা ও গণনার সময় ঐ সকল নির্দেশাবলী পালন করা;
৮. খানা/প্রতিষ্ঠান প্রধান অথবা তার অনুপস্থিতিতে তথ্য প্রদানে সক্ষম সদস্যের নিকট হতে তথ্য জেনে প্রশ্নপত্র পূরণ করা;
৯. তথ্য সংগ্রহের সময় তফসিল বইয়ে প্রতিটি খানা/প্রতিষ্ঠানের ক্রমিক নম্বর দেয়া এবং একই ক্রমিক নম্বর সরবরাহকৃত চকের দ্বারা খানা/প্রতিষ্ঠানের সদর দরজায় লেখা;
১০. কোন খানা/প্রতিষ্ঠান প্রধান তথ্য দিতে অস্বীকৃতি জানালে তাকে শুমারির গুরুত্ব সম্পর্কে ভালভাবে বুঝিয়ে ঐ খানার তথ্য নেয়া, এতেও কাজ না হলে সুপারভাইজার অথবা উপরস্থ কর্মকর্তাদের সহায়তায় ঐ খানার তথ্য নেয়া;
১১. প্রশ্নপত্র বই যেন পানিতে না ভেজে অথবা কোন কারণে নষ্ট না হয় সেদিকে বিশেষ দৃষ্টি রাখা;
১২. প্রথম দিন ৫টি খানা/প্রতিষ্ঠান-এর তথ্য সংগ্রহ করে প্রশ্নপত্র বইটি অবশ্যই সুপারভাইজারসহ জোনাল অফিসার দ্বারা পরীক্ষা করানো এবং কোন ভুল থাকলে তা ঠিক করে নিয়ে পরবর্তী খানা/প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহ করা;

১৩. নির্ধারিত সময়ে তথ্য সংগ্রহ কাজ শেষ করে প্রশ্নপত্রের মূল বইয়ের টালিশিট ২টি পূরণ করা। কোন এলাকায় একাধিক বই পূরণ করা হলে শুধু মূল বইটির টালিশিট ২টি পূরণ করতে হবে এবং এতে উক্ত এলাকার সবগুলো বইয়ের হিসাব মিলিয়ে লিখতে হবে;
১৪. তথ্যসংগ্রহ কাজে ব্যবহৃত সকল শুমারি বই পূরণকৃত ও অপূরণকৃত. ও অন্যান্য শুমারি মালামাল নির্ধারিত সময়ে সুপারভাইজারের মাধ্যমে জোনাল অফিসারের নিকট জমা দেয়া;
১৫. শুমারি বইসহ শুমারির সকল দ্রব্যাদি জমা দেয়ার পর জোনাল অফিসারের নিকট হতে সম্মানী ভাতা চেক গ্রহণ করা।

#### ৭। শুমারি কর্মীদের প্রশিক্ষণ পদ্ধতি

অর্থনৈতিক শুমারির সঙ্গে সংশ্লিষ্ট সকলের পূর্ণাঙ্গ ও ব্যাপক প্রশিক্ষণের ওপর নির্ভর করছে এ শুমারির সাফল্য। তাই শুমারিতে নিয়োজিত তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারসহ সকল শুমারি কর্মীদের প্রশিক্ষণের জন্য একটি প্রশিক্ষণ কার্যক্রম প্রণয়ন করা হয়েছে। এ প্রশিক্ষণ কার্যক্রমটি ৩টি পর্যায়ে বিভক্ত করা হয়েছে:

**পর্যায়-১:** মাস্টার ট্রেনারগণের হেড কোয়ার্টারে প্রশিক্ষণ;

**পর্যায়-২:** উপজেলা শুমারি সমন্বয়কারী ও জোনাল অফিসারগণের জেলা সদরে প্রশিক্ষণ; এবং

**পর্যায়-৩:** গণনাকারী ও সুপারভাইজারগণের স্থানীয় পর্যায়ে প্রশিক্ষণ।

#### প্রথম পর্যায়ে প্রশিক্ষণ: মাস্টার ট্রেনারগণের প্রশিক্ষণ

সকল শুমারি জেলা সমন্বয়কারীকে ঢাকায় প্রশিক্ষণ প্রদান করে মাস্টার ট্রেনার হিসেবে গড়ে তোলা হবে। তাদেরকে শুমারি পরিচালনা, শুমারি তদারকি, শুমারির প্রশ্নপত্র পূরণ পদ্ধতি, ম্যাপ ব্যবহার পদ্ধতি, শুমারি মালামাল বিতরণ ও সম্মানী ভাতা প্রদান ইত্যাদি বিষয়ের ওপর দুই দিনের প্রশিক্ষণ প্রদান করা হবে।

#### দ্বিতীয় পর্যায়ে প্রশিক্ষণ: (উপজেলা শুমারি সমন্বয়কারী ও জোনাল অফিসারগণের প্রশিক্ষণ)

দ্বিতীয় পর্যায়ে সকল উপজেলা শুমারি সমন্বয়কারী ও জোনাল অফিসারগণকে জেলা সদরে শুমারি জেলা সমন্বয়কারীগণ প্রশিক্ষণ প্রদান করবেন। ২য় দিনের প্রশিক্ষণ শেষে জোনাল অফিসারগণ তাদের নিজ নিজ জোনের শুমারি মালামাল শুমারি জেলা সমন্বয়কারীর নিকট থেকে বুঝে নিয়ে নিজ নিজ উপজেলা/জোনে ফিরে যাবেন।

#### তৃতীয় পর্যায়ে প্রশিক্ষণ (সুপারভাইজার ও গণনাকারীদের প্রশিক্ষণ)

দুইটি ব্যাচে সুপারভাইজার ও তথ্যসংগ্রহকারীগণের প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। প্রতি ব্যাচে গড়ে ৩০ জন তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারকে প্রশিক্ষণ প্রদান করা হবে। জোনাল অফিসারগণ এ প্রশিক্ষণ প্রদান করবেন। জোনাল অফিসারগণ প্রতিটি ব্যাচের প্রশিক্ষণ শুরুর আগের দিন সুপারভাইজারের সহায়তায় তথ্যসংগ্রহকারীগণের যথাসময়ে প্রশিক্ষণে উপস্থিতি নিশ্চিত করবেন।

## ৮। শুমারি প্রচারণা পদ্ধতি

অর্থনৈতিক শুমারিতে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ এবং তথ্য প্রদানে জনগণকে উদ্বুদ্ধ করার জন্য শুমারি প্রচারণার জন্য একটি পাবলিসিটি প্লান তৈরি করা হয়েছে। উক্ত প্লান অনুযায়ী পোস্টার, ব্রশিউর, লিফলেট ক্যালেন্ডার, স্টিকার, সিনেমা স্লাইড, টিভি টেলপ, ফিল্ম, টিভি বিজ্ঞাপন, টিভি আলোচনা, সংবাদপত্রে ক্রোড়পত্র প্রকাশ, শুমারি স্মারক, ডাকটিকেট এবং মাইকিং ও ঢোল-সহরত ইত্যাদির মাধ্যমে নির্ধারিত সময়সূচি অনুযায়ী প্রচার কার্যক্রম পরিচালনা করা হবে।

**পোস্টার:** যে সমস্ত স্থানে সচরাচর জনসমাগম হয় সে সকল স্থানে পোস্টার লাগিয়ে জনসাধারণকে সচেতন করা হবে। জোনাল অফিসারগণ সুপারভাইজারের সহায়তায় হাট বাজার, রেলস্টেশন, বাসস্ট্যান্ড, শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান, অফিস আদালতে পোস্টার লাগাবেন।

**ব্রশিউর:** শিক্ষিত জনসাধারণ, শুমারি কমিটির সদস্য এবং বিভিন্ন প্রতিষ্ঠান-এর সাথে জড়িত বিশিষ্ট ব্যক্তিত্ব ও জনপ্রতিনিধিদের মধ্যে অর্থনৈতিক শুমারির মূল উদ্দেশ্য তুলে ধরার জন্য ব্রশিউর বিতরণ করা হবে। শুমারি জেলা সমন্বয়কারীগণ এবং জোনাল অফিসারগণ ব্রশিউর বিতরণ করবেন।

**স্টিকার:** গাড়িতে আরোহনকারী এবং রাস্তায় চলাচলকারী জনসাধারণের দৃষ্টি আকর্ষণের জন্য সরকারি ও বেসরকারি যানবাহনে স্টিকার লাগানো হবে। সুপারভাইজারদের সহায়তায় জোনাল অফিসারগণ এ কাজ সম্পাদন করবেন।

**সিনেমা স্লাইড/টিভি টেলপ/জিঞ্জেল:** টিভি টেলপ, জিঞ্জেল এবং সিনেমা স্লাইড প্রস্তুত করে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর এবং বিভিন্ন জেলা/উপজেলা শুমারি কমিটির মাধ্যমে বিভিন্ন টিভি চ্যানেল, টিভি ক্যাবল নেটওয়ার্কে প্রদর্শন করা হবে। জেলা শুমারি সমন্বয়কারী, উপজেলা শুমারি সমন্বয়কারী ও জোনাল অফিসারগণ প্রচার সামগ্রী বিতরণ ও প্রদর্শন নিশ্চিত করবেন।

**রেডিও/টেলিভিশন বিজ্ঞাপন:** শুমারি অনুষ্ঠানের পূর্বে রেডিও এবং টেলিভিশনে শুমারি বার্তা প্রচার করা হবে। কেন্দ্রীয় প্রচার কমিটি ও নিয়ন্ত্রণ কেন্দ্র এ দায়িত্ব পালন করবেন।

**সংবাদপত্রে প্রবন্ধ:** অর্থনৈতিক শুমারি ২০১৩-এর রূপরেখা ও প্রয়োজনীয়তার বর্ণনা এবং জনগণের নিকট হতে শুমারি কর্তৃপক্ষের প্রত্যাশা সংক্রান্ত ব্যাপারে শুমারি বিশেষজ্ঞ, প্রবন্ধকার এবং গবেষকদের লিখিত প্রবন্ধ বিভিন্ন পত্রিকায় প্রকাশনার ব্যবস্থা করা হবে। দৈনিক পত্রিকায় অর্থনৈতিক শুমারি ২০১৩ শীর্ষক ক্রোড়পত্র প্রকাশ করা হবে। শুমারি প্রচার কমিটি এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।

**মাইকিং ও ঢোল-সহরত:** সুপারভাইজারদের সহায়তায় জোনাল অফিসারগণ শুমারি অনুষ্ঠানের পূর্বে শহর এলাকায় মাইকিং এবং পল্লী এলাকায় হাটবাজারে মাইকিং ও ঢোল-সহরতের ব্যবস্থা করবেন।

## ৯। শুমারি কর্মীদের ভাতা প্রদান পদ্ধতি

তথ্য সংগ্রহ শেষে শুমারির নির্ধারিত সময়সূচি অনুসারে পূরণকৃত ও অপূরণকৃত প্রশ্নপত্র বইসহ শুমারির যাবতীয় মালামাল সঠিক ও সুষ্ঠুভাবে বুঝে পাওয়ার পর জোনাল অফিসার তাঁর অধীনস্থ গণনাকারী, সুপারভাইজারদেরকে অ্যাকুইটেন্স রোলে (প্রাপ্তিস্বীকারপত্রে) ১০ (দশ) টাকার রাজস্ব স্ট্যাম্পের উপরে স্বাক্ষর গ্রহণ করবেন এবং সম্মানী ভাতার চেক প্রদান করবেন।

এছাড়া জোনাল অফিসার চেকের মুড়িতে গণনা এলাকার শুমারি তথ্যসহ তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারের পূর্ণ স্বাক্ষর নিয়ে রাখবেন। অতঃপর তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারগণকে জোনের/উপজেলার নির্ধারিত সোনালী ব্যাংকের শাখায় নিজ নিজ নিয়োগপত্র জমা দিয়ে সম্মানী ভাতার টাকা গ্রহণ করতে পরামর্শ দেবেন।

সর্বশেষে মালামাল জমা হওয়ার পর শুমারিতে নিয়োজিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মচারীগণকে সম্মানী ভাতা প্রদান করা হবে। সম্মানী ভাতার চেক বিতরণের জন্য জোনাল অফিসারগণকে নিম্নলিখিত পদক্ষেপগুলো গ্রহণ করতে হবে:

**১. সোনালী ব্যাংকের শাখা:**

নির্ধারিত সম্মানী হারের চেকের ক্রমিক নং যুক্ত একটি তালিকা প্রত্যেক জোনের জন্য নির্ধারিত সোনালী ব্যাংকের শাখায় পাঠানো হবে। সংশ্লিষ্ট জোনাল অফিসার এ ক্রমিক নম্বরের একটি তালিকা সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় প্রদান করবেন। এই তালিকায় উল্লিখিত ক্রমিক নং-এর চেকগুলোই কেবলমাত্র ব্যাংক কর্তৃক সম্মানী ভাতা প্রদানের ক্ষেত্রে গ্রহণ করা হবে।

**২. সম্মানী ভাতার চেক:**

বিতরণের সময় জোনাল অফিসার চেকের উল্টোপিঠে সম্মানী ভাতা গ্রহণকারীর স্বাক্ষর সত্যায়িত করবেন। এই কাজের জন্য জোনাল অফিসারের নমুনা স্বাক্ষর শুমারি জেলা সমন্বয়কারী কর্তৃক সত্যায়িত করে নির্ধারিত সোনালী ব্যাংকের শাখায় পূর্বেই পাঠাতে হবে।

**১০। শুমারি মালামাল বস্তাবন্দিকরণ, বিতরণ ও জমাদান পদ্ধতি:**

ঢাকায় পরিসংখ্যান ভবনে মাস্টার ট্রেইনারগণকে প্রশিক্ষণ প্রদানের পর শুমারি বই ও অন্যান্য সামগ্রী শুমারি জেলাভিত্তিক ডিসিসিগণের নিকট হস্তান্তর করা হবে এবং প্রতিটি জেলায় প্রেরণ করা হবে। প্রকারান্তরে ডিসিসিগণ উপজেলা সমন্বয়কারী ও জোনাল অফিসারগণকে আঞ্চলিক/জেলা পর্যায়ে প্রশিক্ষণ প্রদানের পর জোনভিত্তিক শুমারি বই ও অন্যান্য সামগ্রী হস্তান্তর করবেন। একইভাবে জোনাল অফিসারগণ স্থানীয় পর্যায়ে গণনাকারী ও সুপারভাইজারগণকে প্রশিক্ষণ প্রদানের পর প্রশ্নপত্র ও অন্যান্য সামগ্রী গণনাকারী ও সুপারভাইজারগণকে হস্তান্তর করবেন। যে সমস্ত দ্রব্যাদি এই তিন পর্যায়ে শুমারিকর্মীগণকে হস্তান্তর করা হবে তার বিবরণ নিম্নে দেয়া হল:

**ক) জেলা ভিত্তিক শুমারি মালামাল বিতরণ (প্রকল্পের শুমারি নিয়ন্ত্রণ কক্ষ হতে কম্পিউটার তালিকা অনুযায়ী বিতরণ করা হবে)**

১. শুমারি বই
২. প্রশিক্ষণ ম্যানুয়েল
৩. ফিল্ড ম্যানুয়েল
৪. কম্পিউটার রান
৫. প্রচার সামগ্রী
৬. শুমারি লজিস্টিকস পেন্সিল-ইরেজার-সার্পনার-লাম্বার চক.
৭. ডিস্ট্রিবিউশন তালিকা
৮. শুমারি এনভেলোপ
৯. লেবেল

খ) উপজেলা/জোন ভিত্তিক শুমারি মালামাল বিতরণ (ডিসিসিগণ কম্পিউটার তালিকা অনুযায়ী জোন ভিত্তিক বিতরণ করবেন)

১. শুমারি বই
২. প্রশিক্ষণ ম্যানুয়েল
৩. ফিল্ড ম্যানুয়েল
৪. কম্পিউটার রান
৫. প্রচার সামগ্রী
৬. শুমারি লজিস্টিকস পেন্সিল. ইরেজার, সার্পনার ও লাষার চক.
৭. ডিস্ট্রিবিউশন তালিকা
৮. শুমারি এনভেলোপ
৯. লেবেল

(গ) শুমারি কিট: (জোনাল অফিসার কম্পিউটার তালিকা অনুযায়ী গণনাকারী ও সুপারভাইজারের মধ্যে বিতরণ করবেন):

১। গণনাকারীর কিট (প্রত্যেক গণনাকারীর জন্য)

১. শুমারি বই লেবেল সহ.
২. পেন্সিল-২, ইরেজার-১, সার্পনার-১এবং লাষার চক-১টি
৩. প্রচার সামগ্রী।

২। সুপারভাইজার কিট (প্রত্যেক সুপারভাইজারের জন্য)

- (১) শুমারি বই
- (২) পেন্সিল-১, ইরেজার-১, সার্পনার-১ এবং লাষার চক-১টি
- (৩) প্রচার সামগ্রী।

ঘ) শুমারি মালামাল বিতরণ পদ্ধতি

নির্ধারিত সময়সূচি অনুযায়ী ঢাকার নিয়ন্ত্রণ কেন্দ্রে স্থাপিত কাউন্টার হতে শুমারি মালামাল বিতরণ করা হবে:

কাউন্টার— ১: কম্পিউটার বিতরণ তালিকা অনুসরণ করে জেলাভিত্তিক শুমারি বই প্রদান করা হবে।

কাউন্টার — ২: কম্পিউটার বিতরণ তালিকা অনুসরণ করে জেলাভিত্তিক শুমারি লজিস্টিকস ও অন্যান্য সামগ্রী সরবরাহ করা হবে।

ঙ) শুমারি মালামাল জমাদান পদ্ধতি

নির্ধারিত সময়ের মধ্যে তথ্য সংগ্রহ কাজ শেষে গণনাকারীগণ তাঁদের সুপারভাইজারসহ শুমারিতে পূরণকৃত বইও পেন্সিলের অবশিষ্টাংশ নিজ নিজ জোনাল অফিসারের নিকট জমা দেবেন। শুমারি প্যাকেট জোনাল অফিসারের নিকট জমাদানের আগে প্রত্যেক তথ্যসংগ্রহকারীশুমারি বই এর টালিশিট পূরণ করবেন। প্রত্যেক সুপারভাইজার টালিশিট ও গণনাকারীর সাহায্যে সারসংক্ষেপ ফরম পূরণকরে জোনাল অফিসারের নিকট জমা দেবেন।

জোনাল অফিসার সুপারভাইজার কর্তৃক পূরণকৃত ফরম এর সাহায্যে জোনের সারসংক্ষেপ ফরম পূরণ করবেন। ইউনিয়ন/ওয়ার্ড অনুসারে সাজিয়ে শুমারি প্যাকেটগুলো সময়সীমা অনুযায়ী ডিসিসির নিকট জমা দেবেন। ইউসিসিগণ একইভাবে ডিসিসির

নির্দেশনায় নির্ধারিত সময়সূচি অনুযায়ী শুমারি সামগ্রি জমা দেবেন। অতঃপর ডিসিসি পূরণকৃত প্রশ্নপত্র ব্যতীত অন্যান্যশুমারি মালামাল ঢাকা প্রকল্প অফিসে জমা দেবেন।

উপজেলা শুমারিসমন্বয়কারী জোনাল অফিসারদের পূরণকৃত ফরম ব্যবহার করে উপজেলার সারসংক্ষেপ ফরম পূরণ করবেন।

শুমারি জেলা সমন্বয়কারী উপজেলা শুমারি সমন্বয়কারী ও জোনাল অফিসারদের পূরণকৃত ফরম অনুযায়ী জেলার সারসংক্ষেপ ফরম পূরণ করবেন এবং তাদের সহযোগিতায় বই সাজিয়ে জেলায় সংরক্ষণ করবেন। অন্যান্য দ্রব্যাদি নির্ধারিত সময়ের মধ্যে ঢাকা প্রকল্প অফিসে জমা দেবেন।

### ১১। শুমারি পঞ্জিকা

সারা দেশব্যাপী শুমারি পরিচালনা একটি বৃহৎ কাজ এবং যা নির্ধারিত সময়ের মধ্যে সুশৃঙ্খলভাবে পরিচালনা ও সম্পন্ন করতে হবে। শুমারি কাজের বিভিন্ন পর্যায়ে নিয়োজিত সকল কর্মী যাতে নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট কাজ সম্পন্ন করতে পারে সে জন্য একটি শুমারি পঞ্জিকা প্রণয়ন করা হয়েছে। শুমারিকর্মীগণকে অবশ্যই নিম্নবর্ণিত সময়সূচি অনুসরণ করে সংশ্লিষ্ট কাজ সম্পাদন করতে হবে:

## শুমারি পঞ্জিকা

ক্রমিক নং	কার্যক্রম	প্রথম পর্ব(তারিখ)	২য় পর্ব (তারিখ)	দায়িত্ব পালনকারী
১।	মাস্টার ট্রেনার কাম জেলা শুমারি সমন্বয়কারীদের প্রশিক্ষণ	৩১ মার্চ- ১ এপ্রিল, ২০১৩	২ মে, ২০১৩	প্রশিক্ষক প্যানেল
২।	জোনাল অফিসারদের প্রশিক্ষণ	৩-৪ এপ্রিল, ২০১৩	৫-৬ মে, ২০১৩	জেলা শুমারি সমন্বয়কারী (ডিসিসি)
৩।	স্থানীয় পর্যায়ে গঠিত শুমারি কমিটি সমূহের সভা অনুষ্ঠান	৬-৮ এপ্রিল, ২০১৩	৮-৯ মে, ২০১৩	জোনাল অফিসার ও ডিসিসি
৪।	তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারদের প্রশিক্ষণ	১ম ব্যাচ: ৯-১০ এপ্রিল, ২০১৩	১ম ব্যাচ: ১০-১১ মে, ২০১৩	জোনাল অফিসার ও ডিসিসি
		২য় ব্যাচ: ১২-১৩ এপ্রিল, ২০১৩	২য় ব্যাচ: ১২-১৩ মে, ২০১৩	জোনাল অফিসার ও ডিসিসি
৫।	মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ	১৫-২৪ এপ্রিল, ২০১৩	১৫-২৪ মে, ২০১৩	তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার
৬।	তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার কর্তৃক এলাকার কোন অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা ও প্রতিষ্ঠান বাদ পড়েছে কিনা তা যাচাই ও তথ্য সংগ্রহ	২৫ এপ্রিল, ২০১৩	২৫ মে, ২০১৩	তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার
৭।	পুরণকৃত শুমারি বই পরীক্ষণপূর্বক তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারদের নিকট হতে গ্রহণ	২৬-২৭ এপ্রিল, ২০১৩	২৬-২৭ মে, ২০১৩	জোনাল অফিসার
৮।	পুরণকৃত শুমারি বই ও অন্যান্য মালামালজেলা/আঞ্চলিক অফিসে জমা গ্রহণ	২৮ এপ্রিল, ২০১৩	২৮ মে, ২০১৩	ডিসিসি
৯।	শুমারি প্রশ্নপত্র ব্যতীত অন্যান্য মালামাল সদর দপ্তরে জমাদান	৩০ এপ্রিল, ২০১৩	৩০ মে, ২০১৩	ডিসিসি

## 4.6 a: Identity Card and Appoinment letter of enumerator & Supervisor



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

**অর্থনৈতিক শুমারি ২০১৩**



গণনাকারী

ছবি

ক্রমিক নং :  
নাম :  
পিতার নাম :  
জেলা :  
উপজেলা/থানা :  
ইউনিয়ন/ওয়ার্ড :  
জোন নং :

শুমারি কার্যক্রমের মেয়াদ: ৩১ মার্চ - ৩১ মে ২০১৩



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

**অর্থনৈতিক শুমারি ২০১৩**



সুপারভাইজার

ছবি

ক্রমিক নং :  
নাম :  
পিতার নাম :  
জেলা :  
উপজেলা/থানা :  
ইউনিয়ন/ওয়ার্ড :  
জোন নং :

শুমারি কার্যক্রমের মেয়াদ: ৩১ মার্চ - ৩১ মে ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
অর্থনৈতিক শুমারি ২০১৩ প্রকল্প

**গণনাকারী নিয়োগপত্র**

নাম :  
পিতার নাম :

কে অর্থনৈতিক শুমারি ২০১৩ এর গণনাকারী নিয়োগ করা হ'ল।

এই নিয়োগপত্রটি পরিচয়পত্র হিসেবে গণ্য করা হবে।

এই নিয়োগপত্রের কার্যকারিতা আগামী ৩০ জুন ২০১৩  
অপরাহ্ন পর্যন্ত বলবৎ থাকবে।

ফোন : ৯১১৫৪৯৫  
ফ্যাক্স : ৯১১১০৬৪

স্বাক্ষর  
নাম:  
ডিসিসি/জোনাল অফিসার  
ফোন:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
অর্থনৈতিক শুমারি ২০১৩ প্রকল্প

**সুপারভাইজার নিয়োগপত্র**

নাম :  
পিতার নাম :

কে অর্থনৈতিক শুমারি ২০১৩ এর গণনাকারী নিয়োগ করা হ'ল।

এই নিয়োগপত্রটি পরিচয়পত্র হিসেবে গণ্য করা হবে।

এই নিয়োগপত্রের কার্যকারিতা আগামী ৩০ জুন ২০১৩  
অপরাহ্ন পর্যন্ত বলবৎ থাকবে।

ফোন : ৯১১৫৪৯৫  
ফ্যাক্স : ৯১১১০৬৪

স্বাক্ষর  
নাম:  
ডিসিসি/জোনাল অফিসার  
ফোন:

#### 4.6 b: Identity Card and Appoinment letter of Zonal Officer



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

অর্থনৈতিক শুমারি ২০১৩



জোনাল অফিসার

ছবি

ক্রমিক নং :  
নাম :  
পিতার নাম :  
জেলা :  
উপজেলা/থানা :  
ইউনিয়ন/ওয়ার্ড :  
জোন নং :

শুমারি কার্যক্রমের মেয়াদ: ৩১ মার্চ - ৩১ মে ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
অর্থনৈতিক শুমারি ২০১৩ প্রকল্প

জোনাল অফিসার নিয়োগপত্র

নাম :

পিতার নাম :

কে অর্থনৈতিক শুমারি ২০১৩ এর গণনাকারী নিয়োগ করা হ'ল।

এই নিয়োগপত্রটি পরিচয়পত্র হিসেবে গণ্য করা হবে।

এই নিয়োগপত্রের কার্যকারিতা আগামী ৩০ জুন ২০১৩  
অপরাহ্ন পর্যন্ত বলবৎ থাকবে।

ফোন : ৯১১৫৪৯৫

ফ্যাক্স : ৯১১১০৬৪

স্বাক্ষর

নাম:

ডিসিসি/জোনাল অফিসার

ফোন:

4.7 a: Census Brochure (Bangla)



**পাইলট শুমারি**

অর্থনৈতিক শুমারি ২০১৩-এর সামগ্রিক কার্যক্রম যাচাইয়ের জন্য সিলেট সিটি করপোরেশনের একটি ওয়ার্ড ও পাবনা জেলার সুজানগর উপজেলার একটি ইউনিয়নে পাইলট শুমারি পরিচালনা করা হয়েছে।

**মূল শুমারি**

তালিকাভুক্ত সকল প্রতিষ্ঠান হতে তথ্য সংগ্রহ করা হবে। তালিকায় অন্তর্ভুক্ত খানাসমূহের মধ্যে যে সকল খানায় অকৃষি অর্থনৈতিক কর্মকাণ্ড রয়েছে সে সকল খানা হতে তথ্য সংগ্রহ করা হবে।

**মূল শুমারি কার্যক্রম শুরু তারিখ**

১ম পর  
৩১ মার্চ  
থেকে  
৩০ এপ্রিল  
২০১৩

২য় পর  
০২ মে  
থেকে  
৩১ মে  
২০১৩

**অর্থনৈতিক শুমারি অগ্রগতির দিশারি**  
**শুমারিতে সঠিক তথ্য দিন দেশের উন্নয়নে অংশ নি**

**যোগাযোগ**

**বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন:**

সচিব  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
ই-২৭/এ আগারগাঁও, ঢাকা-১২০৭  
ইমেইল: secy@sid.gov.bd

মহাপরিচালক  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
ই-২৭/এ আগারগাঁও, ঢাকা-১২০৭  
ইমেইল: dg@bbs.gov.bd

প্রকল্প পরিচালক  
অর্থনৈতিক শুমারি ২০১৩ প্রকল্প  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
ই-২৭/এ আগারগাঁও, ঢাকা-১২০৭  
ইমেইল: alauddin0270@yahoo.com

[www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd)

**লিস্টিংকৃত তথ্য ধারণ**

লিস্টিংকৃত খানা ও প্রতিষ্ঠানের তথ্যাদি প্রধানমন্ত্রীর কার্যালয়াদীন A21 প্রকল্পের সহযোগিতায় মার্চ পর্যায় ইউনিয়ন তথ্যসেবা কেন্দ্রের মাধ্যমে অনলাইনে ধারণ করা হয়েছে।

**শুমারি প্রস্তুপত্র**

মূল অর্থনৈতিক শুমারির জন্য ২৭টি মূল প্রশ্ন সম্বলিত প্রশ্নপত্র প্রদান করা হয়েছে। প্রশ্নপত্রকৃত এ প্রশ্নপত্রের মাধ্যমে মূলত সংশ্লিষ্ট কৃষি বহির্ভূত অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা ও প্রতিষ্ঠান ইউনিয়নের যোগাযোগ ও ইউনিট প্রধানের সাধারণ তথ্য, অর্থনৈতিক কর্মকাণ্ডের ধরন, উৎপাদিত পণ্য বা প্রাপ্ত সেবা, মালিকানার ধরন, প্রবাসী বিনিয়োগ, নিবন্ধন, মূলধন, বিক্রয় ও হিসাব ব্যবস্থা, উৎপাদন পদ্ধতি, কর্মরত জনবল ও তাদের বেতনমজুরি, নিরাপত্তা ও স্বাস্থ্যব্যবস্থা এবং কর ও মুদক নিবন্ধন ইত্যাদি বিষয়ে তথ্য সংগ্রহ করা হবে।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
শুমারি শাখা ১০০

bybv cKrcet

<p>১. শুমারি খানা নাম (শুমারি শিট)</p> <p>২. শুমারি খানা নং</p> <p>৩. শুমারি খানা পথ</p> <p>৪. শুমারি খানা স্থান</p> <p>৫. শুমারি খানা ইউনিয়ন</p> <p>৬. শুমারি খানা থানা</p> <p>৭. শুমারি খানা জেলা</p> <p>৮. শুমারি খানা ডিবি</p> <p>৯. শুমারি খানা পোস্ট</p> <p>১০. শুমারি খানা পি.সি.ডি</p> <p>১১. শুমারি খানা পি.সি.ডি</p> <p>১২. শুমারি খানা পি.সি.ডি</p> <p>১৩. শুমারি খানা পি.সি.ডি</p> <p>১৪. শুমারি খানা পি.সি.ডি</p> <p>১৫. শুমারি খানা পি.সি.ডি</p> <p>১৬. শুমারি খানা পি.সি.ডি</p> <p>১৭. শুমারি খানা পি.সি.ডি</p> <p>১৮. শুমারি খানা পি.সি.ডি</p> <p>১৯. শুমারি খানা পি.সি.ডি</p> <p>২০. শুমারি খানা পি.সি.ডি</p>	<p>২১. শুমারি খানা পি.সি.ডি</p> <p>২২. শুমারি খানা পি.সি.ডি</p> <p>২৩. শুমারি খানা পি.সি.ডি</p> <p>২৪. শুমারি খানা পি.সি.ডি</p> <p>২৫. শুমারি খানা পি.সি.ডি</p> <p>২৬. শুমারি খানা পি.সি.ডি</p> <p>২৭. শুমারি খানা পি.সি.ডি</p> <p>২৮. শুমারি খানা পি.সি.ডি</p> <p>২৯. শুমারি খানা পি.সি.ডি</p> <p>৩০. শুমারি খানা পি.সি.ডি</p> <p>৩১. শুমারি খানা পি.সি.ডি</p> <p>৩২. শুমারি খানা পি.সি.ডি</p> <p>৩৩. শুমারি খানা পি.সি.ডি</p> <p>৩৪. শুমারি খানা পি.সি.ডি</p> <p>৩৫. শুমারি খানা পি.সি.ডি</p> <p>৩৬. শুমারি খানা পি.সি.ডি</p> <p>৩৭. শুমারি খানা পি.সি.ডি</p> <p>৩৮. শুমারি খানা পি.সি.ডি</p> <p>৩৯. শুমারি খানা পি.সি.ডি</p> <p>৪০. শুমারি খানা পি.সি.ডি</p>
---	---

## পটভূমি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) দেশের আর্থ-সামাজিক অবস্থা নিরূপণের জন্য নিয়মিত বিভিন্ন তমারি ও জরিপ পরিচালনা করে আসছে। বিবিএস কর্তৃক পরিচালিত তমারিসমূহের মধ্যে আদমশুমারি, কৃষি তমারি ও অর্থনৈতিক তমারি উল্লেখযোগ্য। দশ বছরের ধারাবাহিকতা অনুসরণে বিবিএস ২০১৩ সালের মার্চ-মে মাসে তৃতীয় অর্থনৈতিক তমারি অনুষ্ঠানের পরিকল্পনা গ্রহণ করেছে। অকৃষি খাতগুলোকে পরিকল্পিতভাবে উন্নয়নমুখী করার লক্ষ্যে মানসম্মত পরিসংখ্যান প্রণয়ন করাই এ তমারির মূল উদ্দেশ্য। ১৯৮৬ সালে সর্বপ্রথম সারাদেশে কৃষি বহির্ভূত অর্থনৈতিক তমারি অনুষ্ঠিত হয়। দ্বিতীয় অর্থনৈতিক তমারি দুই পরে অনুষ্ঠিত হয়। প্রথম পরে ২০০১ সালে শহর এবং দ্বিতীয় পরে ২০০৩ সালে পল্লী এলাকায় অনুষ্ঠিত হয়।

## এক নজরে অর্থনৈতিক তমারি ২০১৩

- প্রকল্পের নাম: অর্থনৈতিক তমারি ২০১৩
- প্রকল্পের মেয়াদ: জুলাই ২০১১-জুন ২০১৬
- প্রাক্কলিত ব্যয়: ১৯,৩৫২.৯০ লক্ষ টাকা
- বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- পরিকল্পনা মন্ত্রণালয়
- অর্থায়ন: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
- প্রকল্প বাস্তবায়ন এলাকা: দেশব্যাপী

## অর্থনৈতিক তমারি ২০১৩-এর উদ্দেশ্য

- অর্থনৈতিক কর্মকাণ্ডের বিভিন্ন উপখণ্ডের হিসাব নিরূপণ ও হালনাগাদ বৈশিষ্ট্য তথ্য সরবরাহ করা;
- Bangladesh Standard Industrial Classification (BSIC) 2009 অনুসরণপূর্বক পল্লী ও শহর অঞ্চলের শিল্প এবং সেবাখাতে নিয়োজিত প্রতিষ্ঠানের হালনাগাদ ডাইরেক্টরি প্রস্তুত করা;
- মৌজা/মহল্লাভিত্তিক পরিসংখ্যান প্রণয়ন ও সরকারের পরিকল্পনা গ্রহণে সহযোগিতা করা;
